Year : 2 ; Issue : 1
July - December 2024
Special Edition

# NEWS BULLETIN

KUAA
Khulna University
Alumni Association

**1st Annual General Meeting 2025**
**Khulna University Alumni Association**
Executive Committee 2023-2026



www.kuaa.org.bd

## সাধারণ সভা উদযাপন কমিটি

| | | |
|---|---|---|
| **মোঃ তানভীর হাসান** | **সহ-সভাপতি, কুআ কার্যনির্বাহী কমিটি** | **আহ্বায়ক** |
| মোঃ তাকদিউর রহমান মুকুট | সাংগঠনিক সম্পাদক, কুআ কার্যনির্বাহী কমিটি | সদস্য |
| মোঃ মতিউর রহমান (মতিন) | সাংগঠনিক সম্পাদক, কুআ কার্যনির্বাহী কমিটি | সদস্য |
| ড. মোঃ আজিজুল হাসান | জনসংযোগ সম্পাদক, কুআ কার্যনির্বাহী কমিটি | সদস্য |
| প্রফেসর ড. আহসান হাবীব (শিমুল) | ছাত্র বিষয়ক সম্পাদক, কুআ কার্যনির্বাহী কমিটি | সদস্য |
| মোঃ আব্দুল্লাহ আল মামুন | ছাত্র বিষয়ক সহ-সম্পাদক, কুআ কার্যনির্বাহী কমিটি | সদস্য |
| মাহামুদুল হাসান (মিল্লাত) | নির্বাহী সদস্য, কুআ কার্যনির্বাহী কমিটি | সদস্য |
| মোঃ শহিদুল ইসলাম (শহীদ) | সমাজ কল্যাণ সহ-সম্পাদক, কুআ কার্যনির্বাহী কমিটি | সদস্য |
| মোঃ সাথীল ইসলাম (ডলার) | ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক, কুআ কার্যনির্বাহী কমিটি | সদস্য |
| প্রফেসর ড. মুন্নুজাহান আরা (বীথি) | সাহিত্য ও প্রকাশনা সম্পাদক, কুআ কার্যনির্বাহী কমিটি | সদস্য |
| মোঃ মুজাহিদুল ইসলাম | যুগ্ম সম্পাদক, কুআ কার্যনির্বাহী কমিটি | সদস্য |
| প্রফেসর ড. মোঃ নাজমুস সাদাত | নির্বাহী সদস্য, কুআ কার্যনির্বাহী কমিটি | সদস্য |
| **মোঃ রাশেদুল ইসলাম** | **অফিস ব্যবস্থাপনা সম্পাদক, কুআ কার্যনির্বাহী কমিটি** | **সদস্য সচিব** |

## সাহিত্য ও প্রকাশনা কমিটি

বর্তমান কার্যনির্বাহী কমিটির প্রকাশিত দ্বিতীয় বর্ষের প্রথম নিউজ বুলেটিনটি বাস্তবে রূপ নিয়েছে যাদের মূল্যবান সময়, মেধা এবং প্রচেষ্টায় তারা হলেন :

| | | |
|---|---|---|
| **প্রফেসর ড. মুন্নুজাহান আরা (বীথি)** | **সম্পাদক, সাহিত্য ও প্রকাশনা, কুআ কার্যনির্বাহী কমিটি** | **সম্পাদক** |
| ড. শেখ তারেক আরাফাত (শাওন) | সহ-সম্পাদক, সাহিত্য ও প্রকাশনা, কুআ কার্যনির্বাহী কমিটি | সহ-সম্পাদক |
| মোঃ আনিসুর রহমান | সহ-সভাপতি, কুআ কার্যনির্বাহী কমিটি | সদস্য |
| ড. মোঃ আজিজুল হাসান | জনসংযোগ সম্পাদক, কুআ কার্যনির্বাহী কমিটি | সদস্য |
| এ.কে.এম. হুমায়ুন কবীর দেওয়ান (স্বপন) | ক্রীড়া ও সাংস্কৃতিক সহ-সম্পাদক, কুআ কার্যনির্বাহী কমিটি | সদস্য |
| মাহামুদুল হাসান (মিল্লাত) | নির্বাহী সদস্য, কুআ কার্যনির্বাহী কমিটি | সদস্য |
| প্রফেসর ড. মোঃ নজরুল ইসলাম | শিক্ষক, ফউটে ডিসিপ্লিন, খু.বি | বহিঃসদস্য |

সার্বিক সহায়তা করার জন্য ধন্যবাদ সভাপতি এ জেড এম আনোয়ারুজ্জামান, সাধারণ সম্পাদক মোঃ আকতার হোসেনসহ কার্যনির্বাহী কমিটির সকলকে। সেই সাথে মাহফুজুর রহমানকে (আর্কিটেকচার '২১ ব্যাচ) নিউজ বুলেটিনের ডিজাইন তৈরিতে সহায়তা করার জন্য এই কমিটি বিশেষ ধন্যবাদ জ্ঞাপন করছে।





# বাণী

খুলনা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন (কুআ)-এর পক্ষ থেকে আয়োজিত বার্ষিক সাধারণ সভা(এজিএম)-২০২৫ উপলক্ষে দ্বিতীয় বর্ষের প্রথম নিউজ বুলেটিনটি বিশেষ সংখ্যা হিসেবে প্রকাশিত হতে যাচ্ছে। ঢাকার আগারগাঁও এলাকায় অবস্থিত বনভবনের অডিটরিয়ামে আগামী ১৭ই জানুয়ারী ২০২৫ ইং তারিখে অনুষ্ঠিতব্য সভায় নিউজ বুলেটিনটির মোড়ক উন্মোচন হবে।

খুলনা বিশ্ববিদ্যালয় আমাদের সকল অ্যালামনাইয়ের জন্য একটা আবেগের জায়গা। দেশ ও দেশের বাইরে ছড়িয়ে পড়া অ্যালামনাইগণ খুলনা বিশ্ববিদ্যালয়ের নামটা মনে পড়লেই নস্টালজিক হয়ে যায়। অ্যালামনাইদের নিয়ে যেকোনো আয়োজনে আশাতীত সাড়া পড়ে যায়। এসব আয়োজনে অ্যালামনাইদের আগ্রহ ও স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের চেষ্টা আমাদেরকে অনুপ্রাণিত করে। খুলনা বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ও উচ্চতর ডিগ্রীধারীগণ আজ দেশে ও দেশের বাইরে ছড়িয়ে পড়েছে। সরকারী ও বেসরকারি কর্মক্ষেত্রে সম্মানজনক ও গুরুত্বপূর্ণ পদে সুনাম ও দক্ষতার সাথে দ্বায়িত্ব পালন করছেন। দেশের মধ্যে সরকারি বেসরকারি সেক্টর সমুহে সর্বোচ্চ বিভাগীয় পদসহ বিভিন্ন পদে কর্মরত আছেন খুলনা বিশ্ববিদ্যালয়ের অ্যালামনাই। তারা দেশপ্রেম, নৈতিকতা, সততা ও মানবিক গুণাবলির জন্য সুনাম অর্জন করেছেন। খুলনা বিশ্ববিদ্যালয়ের অ্যালামনাইগণ শুধু তাদের কর্মক্ষেত্রে সফলতার মধ্যেই নিজেদের সীমাবদ্ধ রাখেননি, তারা নতুন নতুন কর্মক্ষেত্র সৃষ্টি করার ক্ষেত্রে বেশ সফলতা অর্জন করেছেন। তাদের সৃষ্ট কর্মক্ষেত্রে খুলন ইউনিভার্সিটির অ্যালামনাই ও সাধারণ বেকার ছেলেমেয়েরা কর্মের সুযোগ পাচ্ছে। জনবহুল বাংলাদেশে বেকারত্ব দুরীকরনে ক্ষুদ্র ও মাঝারি ধরনের উদ্যোক্তা হিসাবেও তারা সফলতা অর্জন করেছে, তারা ভবিষ্যতে বৃহৎ উদ্যোক্তা হিসাবে আত্ম প্রকাশ করার ব্যাপারে সচেষ্ট। দেশের বাইরে পৃথিবীর প্রায় সকল উন্নত ও উন্নয়নশীল দেশেও এ্যালুমনাইগণ ছড়িয়ে পড়ে শিক্ষা, গবেষনায় যথেষ্ট ভুমিকা রেখে যাচ্ছেন। তারা দেশের বাইরে সরকারী ও বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত থেকে দেশের সুনাম অর্জন করছেন ও বৈদেশিক মুদ্রা অর্জনে ভুমিকা পালন করছেন। এখন গুগল, আমাজান সহ বিশ্বজোড়া খ্যাতনামা প্রতিষ্ঠানে নির্বাহী পদেও খুলনা বিশ্ববিদ্যালয়ের এ্যালুমনাইদের খুঁজে পাওয়া যায়। দেশের বাইরেও তারা নতুন নতুন কর্মক্ষেত্র সৃষ্টিতেও সক্ষম হয়েছেন। শিক্ষা ও গবেষণায় অবদান রাখার জন্য দেশে ও দেশের বাইরে প্রশংসিত হচ্ছে।

খুলনা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন(কুআ) বিশ্বব্যাপী ছড়িয়ে পড়া এই অ্যালামনাইদের মাঝে একতা, সৌহার্দ্য ও ভ্রাতৃত্ববোধ সম্পন্ন যোগসূত্র স্থাপন, পারস্পারিক যোগাযোগ ও সৌহার্দ্য বৃদ্ধি ও একে অন্যকে যথাসম্ভব সাহায্য সহযোগিতামূলক মনোভাব প্রতিষ্ঠা করা এবং তা বজায় রাখা ইত্যাদি কাজে সেতুবন্ধন হিসাবে কাজ করছে। বিভিন্ন সেক্টরে সফলতা ও অর্জন এবং কুআর কার্যক্রমকে তুলে ধরে প্রকাশিত হতে যাচ্ছে এই নিউজ বুলেটিন। প্রকাশনার সাথে জড়িত সকলকে এবং সকল অ্যালামনাইকে কুআ'র পক্ষ থেকে শুভেচ্ছা জানাচ্ছি।

"সবাইকে নিয়ে কুআ, সবার জন্য কুআ"
"আমরা খুবিয়ান, এক আত্নার বন্ধন।"

শুভেচ্ছান্তে



**এ, জেড, এম আনোয়ারুজ্জামান**
সভাপতি
খুলনা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন (কুআ)





# বাণী

খুলনা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন (কুআ) এর ২০২৩-২৬ কমিটি ইতোমধ্যে তাদের মেয়াদের ১.৫ বছর অতিক্রম করেছে। মেয়াদের হিসাবে এটা মোট মেয়াদের অর্ধেক। শত প্রতিকূলতার মধ্যে বর্তমান কমিটি বিভিন্ন অ্যালামনাই বান্ধব কর্মসূচি হাতে নিয়েছে। খুলনা বিশ্ববিদ্যালয় এবং ঢাকার বিভিন্ন স্থানে অ্যালামনাইদের আড্ডা আয়োজন, অ্যালামনাইদের ফুটবল টুর্নামেন্ট আয়োজন, দেশের বিভিন্ন জেলায় একযোগে একই দিনে ইফতার মাহফিল আয়োজন, পিকনিক ও মিলন মেলা আয়োজন, বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন এবং উদযাপন অনুষ্ঠানের কেক স্পন্সর, বিশ্ববিদ্যালয় ফুটবল দলের জন্য জার্সি এবং বুট কেনার অর্থ প্রদান, বিশ্ববিদ্যালয়ের বর্তমান ছাত্র, প্রাক্তন ছাত্র এবং তাদের পরিবারের সদস্যদের জন্য আর্থিক সহায়তা প্রদান, বিশ্ববিদ্যালয়ে ক্যারিয়ার সেমিনার আয়োজনে সহায়তাসহ বিভিন্ন কর্মকান্ড আমরা ইতোমধ্যে সম্পাদন করেছি।

গঠনতন্ত্রের বাধ্যবাধকতায় আগামী ১৭ জানুয়ারী ২০২৫ ইং তারিখে বর্তমান কমিটির প্রথম সাধারণ সভা অনুষ্ঠিত হতে যাচ্ছে, যা আমাদের জন্য অত্যন্ত আনন্দের। আমি আশা করি সকল অ্যালামনাই এই সাধারণ সভায় উপস্থিত হবেন এবং মূল্যবান পরামর্শ প্রদান করবেন যা আমাদের ভবিষ্যতের চলার পথে কাজে লাগবে।

খুলনা বিশ্ববিদ্যালয়ে অ্যালামনাইগণ এই সভায় উপস্থিত হয়ে বর্তমান কমিটির কাছ থেকে তাদের যে প্রত্যাশা রয়েছে তা উপস্থাপন করবেন। আপনাদের উপস্থিতি আমাদের অনুপ্রাণিত করে। আমরা আশা করি আমাদের মেয়াদের মধ্যে আরো গুরুত্বপূর্ণ কাজ করে কুআ'র কর্মকান্ডকে আরো গতিশীল করতে পারবো। আপনাদের সকলের প্রতি শুভকামনা।

**মোঃ আকতার হোসেন**
সাধারণ সম্পাদক
খুলনা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন (কুআ)



# বাণী



সম্মানিত সদস্যবৃন্দ, খুলনা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের কার্যকরী কমিটির (২০২৩-২০২৬) প্রথম সাধারণ সভার এই বিশেষ মুহূর্তে আপনাদের সবাইকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন। আমাদের এই মিলনমেলা শুধুমাত্র একত্রিত হওয়ার একটি উপলক্ষ নয়, এটি আমাদের অতীত, বর্তমান এবং ভবিষ্যতের মাঝে এক সেতুবন্ধন।

খুলনা ইউনিভার্সিটি অ্যালামনাই আমাদের একান্ত পরিচিতি এবং বন্ধনের প্রতীক। এই সংগঠনের মাধ্যমে আমরা একে অপরের সঙ্গে যুক্ত থেকেছি এবং সমাজের প্রতি আমাদের দায়বদ্ধতাগুলো পালনে অঙ্গীকারবদ্ধ হয়েছি। এই প্রথম সাধারণ সভা আমাদের ভবিষ্যৎ যাত্রার একটি গুরুত্বপূর্ণ অধ্যায়। আমাদের মূল লক্ষ্য হবে খুলনা ইউনিভার্সিটির অ্যালামনাইদের জন্য একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলা, যা আমাদের পেশাগত এবং ব্যক্তিগত জীবনে সমৃদ্ধি আনবে। একই সঙ্গে, এই প্ল্যাটফর্ম আমাদের বিশ্ববিদ্যালয় এবং সমাজের জন্য একটি ইতিবাচক পরিবর্তন আনতে ভূমিকা রাখবে।

সাধারণ সভা উদযাপন কমিটির আহবায়ক হিসেবে, আমি গভীর কৃতজ্ঞতা প্রকাশ করছি আমাদের সকল সদস্যের প্রতি, যারা তাদের মূল্যবান সময় ও প্রচেষ্টার মাধ্যমে এই অনুষ্ঠানকে সফল করতে সহযোগিতা করেছেন। আমাদের সবাইকে একত্রে কাজ করতে হবে, যাতে আমরা এই সংগঠনকে তার সর্বোচ্চ উচ্চতায় পৌঁছে দিতে পারি।

শেষে, আপনাদের প্রতি আমার বিনীত অনুরোধ থাকবে—আপনার মতামত, পরামর্শ এবং উদ্ভাবনী চিন্তাগুলো আমাদের জানাবেন। কারণ, আমাদের ঐক্য, সহযোগিতা এবং প্রচেষ্টাই খুলনা ইউনিভার্সিটি অ্যালামনাইঅ্যাসোসিয়েশনকে শক্তিশালী করবে।

শুভকামনাসহ,

মোহাম্মদ তানভীর হাসান সুজন
আহবায়ক
সাধারণ সভা উদযাপন কমিটি
খুলনা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন (কুআ)





# বাণী

প্রথম সাধারণ সভা - ঐক্যের এক নতুন অধ্যায়। সম্মানিত অ্যালামনাই সদস্যবৃন্দ, আপনাদের সবাইকে খুলনা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের কার্যকরী কমিটির (২০২৩-২০২৬) প্রথম সাধারণ সভার এই বিশেষ অনুষ্ঠানে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাই। এই ঐতিহাসিক মুহূর্তে আমাদের সবাইকে একত্রিত করতে পেরে আমি অত্যন্ত আনন্দিত এবং গর্বিত।

সাধারণ সভা কেবল একটি আনুষ্ঠানিকতা নয়; এটি আমাদের সম্পর্কের গভীরতা এবং বন্ধনের শক্তি তুলে ধরার একটি অসামান্য মঞ্চ। আমরা একত্রে খুলনা ইউনিভার্সিটির অ্যালামনাইদের জন্য এমন একটি প্ল্যাটফর্ম তৈরি করছি, যা আমাদের ব্যক্তিগত ও পেশাগত জীবনে অবদান রাখার পাশাপাশি সমাজ এবং দেশের উন্নয়নে ভূমিকা রাখবে।

সাধারণ সভা উদযাপন কমিটির সদস্য সচিব হিসেবে, এই অসাধারণ যাত্রার অংশ হতে পারা আমার জন্য একটি বিশেষ সৌভাগ্যের বিষয়। এই আয়োজন সফল করতে যারা অক্লান্ত পরিশ্রম করেছেন, তাদের প্রতি আমার আন্তরিক কৃতজ্ঞতা। আমাদের লক্ষ্য ছিল একটি প্রাণবন্ত, অর্থবহ এবং স্মরণীয় সাধারণ সভা আয়োজন করা, যা আপনাদের প্রত্যাশা পূরণ করবে।

আমাদের এই সভা শুধুমাত্র অতীতের সাফল্য উদযাপনের জন্য নয়; এটি ভবিষ্যতের অঙ্গীকার গঠনের জন্যও। আমাদের ঐক্য, সহযোগিতা এবং পরিশ্রমই এই সংগঠনকে আরও সুদৃঢ় করবে এবং খুলনা ইউনিভার্সিটির নামকে আরও উজ্জ্বল করবে।

আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি, আপনাদের প্রত্যেকে এই সাধারণ সভায় অংশগ্রহণের মাধ্যমে আপনার মূল্যবান মতামত এবং দিকনির্দেশনা প্রদান করবেন। এভাবেই আমরা একত্রে সংগঠনটিকে এগিয়ে নিয়ে যেতে পারবো এবং আমাদের অভীষ্ট লক্ষ্যে পৌঁছাতে সক্ষম হব।
সবাইকে সাধারণ সভার প্রাণবন্ত অংশীদারিত্বের জন্য অভিনন্দন।

শুভেচ্ছান্তে,

Rashidul

মোহাম্মদ রাশেদুল ইসলাম
সদস্য সচিব
সাধারণ সভা উদযাপন কমিটি
খুলনা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন (কুআ)

খুলনা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন (কুআ) এর গঠনতন্ত্র অনুযায়ী বর্তমান কার্যনির্বাহী কমিটি (২০২৩-২০২৬) কর্তৃক কমপক্ষে ২ টি বার্ষিক সাধারণ সভার আয়োজন করতে হবে এবং এরই ধারাবাহিকতায় ১৭ ই জানুয়ারী ২০২৫ ইং তারিখে অনুষ্ঠিত হচ্ছে প্রথম বার্ষিক সাধারণ সভা, বনভবন, আগারগাঁও, ঢাকা'র মিলনায়তনে (অডিটরিয়াম)। বর্তমান কমিটি দায়িত্ব গ্রহণের পর "কর্মপরিকল্পনা প্রণয়ন কমিটি" গঠন করা হয় এবং উক্ত কমিটি কর্তৃক প্রস্তাবিত "ত্রিবার্ষিক কর্মপরিকল্পনা" গৃহীত হয়। "ত্রিবার্ষিক কর্মপরিকল্পনা" অনুযায়ী "সাহিত্য ও প্রকাশনা" কমিটি ছয় মাস অন্তর অন্তর একটি করে নিউজ বুলেটিন প্রকাশের সিদ্ধান্ত গ্রহণ করে এবং ইতোমধ্যে দুইটি নিউজ বুলেটিন (জুলাই-ডিসেম্বর ২০২৩ এবং জানুয়ারী-জুন ২০২৪) যথাসময়ে প্রকাশিত হয়েছে। বর্তমান কার্যনির্বাহী কমিটি কুআ'র লক্ষ্য ও উদ্দেশ্য পূরণে নিয়মিত কাজ করে চলেছে। গত দেড় বছরে এই কার্যনির্বাহী কমিটি খুলনা বিশ্ববিদ্যালয় অ্যালামনাইদের মধ্যে পারস্পারিক যোগাযোগ, একতা, ভ্রাতৃত্ব, সম্প্রীতি ও সহযোগিতামূলক মনোভাব প্রতিষ্ঠা করা এবং তা বজায় রাখার পাশাপাশি বিভিন্ন জনকল্যাণ এবং সমাজ সেবামূলক কাজে অংশগ্রহণ করাসহ জনজীবনে হঠাৎ সৃষ্ট বিপর্যয়কর পরিস্থিতিতে সহায়তামূলক কর্মসূচি নিয়ে কাজ করেছে। অনুষ্ঠেয় সাধারণ সভা উপলক্ষে বিগত ছয় মাস অর্থাৎ জুলাই – ডিসেম্বর ২০২৪ (২য় বর্ষের ১ম সংখ্যা) সহ দেড় বছরে কুআ'র সম্পাদিত কর্মকাণ্ড এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনা সমূহ সকল খুলনা ইউনিভার্সিটি অ্যালামনাইদের কাছে পৌঁছে দেবার লক্ষে এই প্রকাশনাটি প্রকাশিত হচ্ছে।

## কুআ'র বর্তমান কার্যনির্বাহী কমিটির দায়িত্ব গ্রহণ




গত ১৪ই জুলাই ২০২৩ ইং বিকাল ৫টায় খুলনা বিশ্ববিদ্যালয়ের (খুবি) আচার্য জগদীশ চন্দ্র বসু একাডেমিক ভবনের সাংবাদিক লিয়াকত আলী মিলনায়তনে খুবি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের ২০২৩-২৬ কার্যনির্বাহী পরিষদ তাদের দায়িত্ব গ্রহণ করে।

বিদায়ী কার্যনির্বাহী কমিটির সভাপতি মোঃ মনিরুল ইসলাম তুহিন এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন খুবি'র প্রাক্তন উপাচার্য প্রফেসর ড. মাহমুদ হোসেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বিদায়ী কমিটির সাধারণ সম্পাদক ফজলে রাব্বি সুমন, শুভেচ্ছা বক্তব্য রাখেন প্রধান নির্বাচন কমিশনার প্রফেসর ড. আবু শামীম মোহাম্মদ আরিফ এবং নির্বাচন কমিশনার প্রফেসর ড. মোস্তফা সরোয়ার।

এছাড়াও বক্তব্য রাখেন প্রফেসর ড. মোঃ রেজাউল করিম, নবনির্বাচিত কমিটির সভাপতি এ জেড এম আনোয়ারুজ্জামান এবং সাধারণ সম্পাদক মোঃ আকতার হোসেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন প্রফেসর ড. ফৌজিয়া ফারজানা।








# ২০২৩-২০২৬ কুআ'র কার্যনির্বাহী কমিটি

বর্তমান কুআ কার্যনির্বাহী কমিটি (২০২৩-২০২৬) যারা একসাথে কুআ'কে এগিয়ে নিতে কাজ করার লক্ষ্যে দায়িত্ব গ্রহণ করেছেন ১৪-০৭-২০২৩ তারিখে, তারা হলেন :

| ক্র. | পদ | নাম |
|---|---|---|
| ০১ | সভাপতি | এ, জেড, এম আনোয়ারুজ্জামান |
| ০২ | সহ-সভাপতি (১) | খোঃ মাযহাবউদ্দীন পল্লব |
| ০৩ | সহ-সভাপতি (২) | ড. মো. শফিক-উর রহমান |
| ০৪ | সহ-সভাপতি (৩) | মোঃ তানভীর হাসান |
| ০৫ | সহ-সভাপতি (৪) | মোঃ আনিসুর রহমান |
| ০৬ | সহ-সভাপতি (৫) | হোসনে আরা পপি |
| ০৭ | সাধারণ সম্পাদক | মোঃ আকতার হোসেন |
| ০৮ | যুগ্ম সম্পাদক (১) | শায়কা ইমাম শান্তা |
| ০৯ | যুগ্ম সম্পাদক (২) | মোঃ মুজাহিদুল ইসলাম |
| ১০ | সাংগঠনিক সম্পাদক (১) | মোঃ তাকদিউর রহমান মুকুট |
| ১১ | সাংগঠনিক সম্পাদক (২) | মোঃ শফিকুল আলম (সুজন) |
| ১২ | সাংগঠনিক সম্পাদক (৩) | মোঃ মতিউর রহমান (মতিন) |
| ১৩ | কোষাধ্যক্ষ | মোহম্মদ ইকবাল কবির বিপুল |
| ১৪ | অফিস ব্যবস্থাপনা সম্পাদক | মোঃ রাশেদুল ইসলাম |
| ১৫ | অফিস ব্যবস্থাপনা সহ-সম্পাদক* | ড. সঞ্জয় কুমার চন্দ |
| ১৬ | জনসংযোগ সম্পাদক | ড. মোঃ আজিজুল হাসান |
| ১৭ | জনসংযোগ সহ-সম্পাদক | মোঃ সোহেল সারওয়ার জাহান |
| ১৮ | সাহিত্য ও প্রকাশনা সম্পাদক* | প্রফেসর ড. মুন্নুজাহান আরা (বীথি) |
| ১৯ | সাহিত্য ও প্রকাশনা সহ-সম্পাদক* | ড. শেখ তারেক আরাফাত (শাওন) |
| ২০ | ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক | মোঃ সাথীল ইসলাম (ডলার) |
| ২১ | ক্রীড়া ও সাংস্কৃতিক সহ-সম্পাদক | এ.কে.এম. হুমায়ুন কবীর দেওয়ান (স্বপন) |
| ২২ | নারী বিষয়ক সম্পাদক | আসমা হক (কান্তা) |
| ২৩ | ছাত্র বিষয়ক সম্পাদক* | প্রফেসর ড. আহসান হাবীব (শিমুল) |
| ২৪ | ছাত্র বিষয়ক সহ-সম্পাদক | মো. আব্দুল্লাহ আল মামুন |
| ২৫ | তথ্য ও প্রযুক্তি সম্পাদক | খন্দকার আজিজুর রহমান (মানিক) |
| ২৬ | তথ্য ও প্রযুক্তি সহ-সম্পাদক | মোঃ আল মাসুদ উদ্দিন (মনি) |

| ক্র. | পদবী | নাম |
|---|---|---|
| ২৭ | সমাজ কল্যাণ সম্পাদক | মহিউদ্দিন আন্দালিব শুভ ** |
| ২৮ | সমাজ কল্যাণ সহ-সম্পাদক | মোঃ শহিদুল ইসলাম (শহিদ) |
| ২৯ | নির্বাহী সদস্য (প্রাক্তন কমিটির সা. সম্পাদক) | মোহাম্মদ ফজলে রেজা (সুমন) |
| ৩০ | নির্বাহী সদস্য* | ড. মোঃ নূরুন্নবী |
| ৩১ | নির্বাহী সদস্য* | ড. মোঃ নাজমুস সাদাত |
| ৩২ | নির্বাহী সদস্য* | ফাল্গুনী আক্তার |
| ৩৩ | নির্বাহী সদস্য* | ড. মাসুদুর রহমান |
| ৩৪ | নির্বাহী সদস্য* | ড. অনুপম কুমার বৈরাগী |
| ৩৫ | নির্বাহী সদস্য | ড. এ.কে.এম. আক্তারুজ্জমান বসুনিয়া |
| ৩৬ | নির্বাহী সদস্য | তৌহিদ আমানুল্লাহ |
| ৩৭ | নির্বাহী সদস্য | খন্দকার মোহাম্মদ আশরাফুল আলম (লিপন) |
| ৩৮ | নির্বাহী সদস্য | মোঃ জাকি-উল হাসান |
| ৩৯ | নির্বাহী সদস্য | মোঃ নাজমুল হুদা |
| ৪০ | নির্বাহী সদস্য | মোঃ শাহীনূর রহমান |
| ৪১ | নির্বাহী সদস্য | এম.এম. আরাফাত হোসেন |
| ৪২ | নির্বাহী সদস্য | কবরী বিশ্বাস অপু |
| ৪৩ | নির্বাহী সদস্য | হাসান জামিল জেনিথ |
| ৪৪ | নির্বাহী সদস্য | ড. মোঃ নাজমুল হাসান |
| ৪৫ | নির্বাহী সদস্য | মোঃ জাহঙ্গীর আলম |
| ৪৬ | নির্বাহী সদস্য | মুহম্মদ শামীম কিবরিয়া |
| ৪৭ | নির্বাহী সদস্য | মাহামুদুল হাসান (মিল্লাত) |
| ৪৮ | নির্বাহী সদস্য | মুহাম্মদ মোবারক হোসেন (উজ্জ্বল) |
| ৪৯ | নির্বাহী সদস্য | রাশেদুল আলম সরকার (রাশেদ) |
| ৫০ | নির্বাহী সদস্য | মোঃ সারোয়ার জাহান |
| ৫১ | নির্বাহী সদস্য | বিশ্বজিৎ রায় |

*শিক্ষক কোটা

** কানিজ ফাতেমা পাপড়ি'র আবেদনের প্রেক্ষিতে 'সমাজ কল্যাণ সম্পাদক' পদ থেকে তাকে অব্যহতি দেয়া হয় এবং তার স্থলে মহিউদ্দিন আন্দালিব শুভ কে নিয়োগ দেয়া হয়।

GREENHOUSE MARICULTURE




The First Successor of Artificial Breeding of Asian Seabass in Bangladesh

## নিয়মিত কার্যনির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত




যে কোন সংগঠনের কার্যক্রম তরান্বিত ও গতিশীল রাখতে নিয়মিত সভা অত্যন্ত গুরুত্বপূর্ণ। ১৪ই জুলাই ২০২৩ ইং তারিখে খুবি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের ২০২৩-২৬ কার্যনির্বাহী পরিষদ তাদের দায়িত্ব গ্রহণের পর প্রাক্তন উপাচার্য প্রফেসর ড. মাহমুদ হোসেন এর সাথে সৌজন্য সাক্ষাত করে এবং তারপরেই তাদের প্রথম সাধারণ সভা খুবি'র শহীদ তাজউদ্দিন আহমেদ প্রশাসনিক ভবনের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। বিগত দেড় বছরে (জুলাই ২০২৩-ডিসেম্বর ২০২৪) সাধারণ ও বিশেষ সহ মোট ১১ টি সভা সফলতার সাথে সম্পন্ন করেছে কুআ। ফলে খুবি সহ অ্যালামনাই বৃন্দের বিভিন্ন ইস্যু পর্যালোচনা করে সকলের মতামতের ভিত্তিতে উপযুক্ত সিদ্ধান্ত সমূহ গ্রহণ এবং সেগুলো পর্যায়ক্রমে বাস্তবায়নে সফল হয়েছে কুআ।

### ত্রিবার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন

কুআ কার্যনির্বাহী কমিটি দায়িত্ব গ্রহণের পর তিন বছরে কি কি কর্মপরিকল্পনা সম্পাদিত হবে বিভিন্ন কমিটির মাধ্যমে, সে বিষয়ে একটি "কর্মপরিকল্পনা প্রণয়ন কমিটি" গঠন করে। এই কমিটি বিভিন্ন সম্পাদকদের কাছ থেকে প্রাপ্ত কর্মপরিকল্পনা পর্যালোচনা করে এবং থিমেটিক ডায়াগ্রামে পরিকল্পনা বাস্তবায়নের দিকনির্দেশনা অন্তর্ভুক্ত করে সাধারণ সভায় উপস্থাপন করেন কমিটির আহবায়ক মোঃ আনিসুর রহমান (সহসভাপতি)। উক্ত সাধারণ সভায় উপস্থাপিত কর্মপরিকল্পনা আলোচনার পর কিছুটা সংশোধিত আকারে অনুমোদিত হয়। সংক্ষিপ্ত আকারে কমিটির ত্রিবার্ষিক কর্মপরিকল্পনা নিম্নরূপঃ

### ত্রিবার্ষিক কর্মপরিকল্পনা ২০২৩-২৬

সংক্ষিপ্ত আকারে কর্মপরিকল্পনা প্রণয়ন কমিটির ত্রিবার্ষিক কর্মপরিকল্পনা নিম্নরূপ :

| কর্মক্ষেত্র | কর্মপরিকল্পনা সমূহ |
|---|---|
| অফিস ব্যবস্থাপনা | • খুলনা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে কুআ অফিসে অফিস<br>• সরঞ্জাম রক্ষণাবেক্ষণ<br>• ঢাকায় একটি অফিসের ব্যবস্থা করা |
| জনসংযোগ | • প্রত্যেক ডিসিপ্লিনের অ্যালামনাইদের সাথে মিটিং<br>• সমস্ত বিভাগীয় এবং প্রধান শহরগুলিতে কুআ গ্র্যাজুয়েটদের সাথে মিটিং<br>• খুলনা বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন সংগঠনের সঙ্গে মিটিং |
| সাহিত্য ও প্রকাশনা | • ছয় মাসে একটি করে কুআ নিউজ বুলেটিন প্রকাশনা (ডিজিটাল এবং প্রিন্ট সংস্করণ)<br>• পুনর্মিলনী প্রকাশনা<br>• গবেষণা সেল প্রতিষ্ঠা |
| ক্রীড়া ও সাংস্কৃতিক | • ফুটবল/ক্রিকেট টুর্নামেন্ট<br>• বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন (২৫ নভেম্বর) |
| নারী বিষয়ক | • কুআ'র নারী অ্যালামনাই এবং বর্তমান ছাত্রীদের নিয়ে কর্মশালার আয়োজন<br>• খুলনা বিশ্ববিদ্যালয়ে জেন্ডার অভিযোগ সেল গঠন |
| ছাত্র বিষয়ক | • মেন্টরশিপ কর্মশালার আয়োজন<br>• ক্যারিয়ার সার্ভিস ওয়ার্কশপের আয়োজন<br>• স্টুডেন্ট নেতৃত্ব উন্নয়ন<br>• চাকরি মেলার ব্যবস্থা গ্রহণ |
| তথ্য ও প্রযুক্তি | • কুআ ওয়েবসাইট আপডেট করন<br>• কুআ'র ইউটিউব চ্যানেল তৈরি<br>• কুআ সদস্যদের ডাটাবেজের আপডেট<br>• সিভি ব্যাংক ডেভেলপমেন্ট এবং অনলাইন কোর্স<br>• হোস্টিং এর জন্য সহায়তা প্রদান<br>• কুআ মোবাইল অ্যাপস ডেভেলপ করন<br>• কুআ কার্যনির্বাহী সদস্যদের জন্য অফিসিয়াল ই-মেইল আইডি তৈরি করন (প্রযোজ্য হিসাবে) |
| সমাজ কল্যাণ | • ইফতার পার্টি/ঈদ-পূজা পুনর্মিলনীর আয়োজন<br>• ক্যাম্পাসে বৃক্ষরোপণ |

Munir Printers
মুনির প্রিন্টার্স
All Kinds of Printing Solution.......
263, Hossain Complex, Fakirapool
Motijheel, Dhaka-1000
+8801923-955023 017111-25898
আমাদের সেবা সমূহ
ভিজিটিং কার্ড ক্যালেন্ডার স্টিকার
প্যাড ডায়েরী আইডি কার্ড
মানি রিসিপ্ট ব্যানার ফাইল
পোস্টার ক্যাশ মেমো খাম
লিফলেট চালান নোট বুক
E-mail : munirprinters46@gmail.com

ভোজন রসিক বাঙালির প্রিয় অনলাইন পেজ "ভোজ নিকেতন/vojniketon"
পেজটিতে বাংলাদেশের বিভিন্ন অঞ্চলের খাবারের রেসিপিসহ ভিডিও উপস্থাপন করা হয়। মূলত শতভাগ বাঙালিয়ানা।
এখানে কেকের অর্ডার নেওয়া হয়। ভোজ নিকেতন/vojniketon পেজটি
Follow, Like Comments, Share করে পাশে থাকার জন্য অনুরোধ করছি।
ভোজ নিকেতন
যোগাযোগ :
01729-725872
ডেলিভারির ২৪ ঘন্টা আগে অর্ডার দিতে হবে।
ভোজ নিকেতন/vojniketon

| | |
|---|---|
| | • খুলনা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে লিগ্যাল সেল প্রতিষ্ঠা (এই সেলটি নারী বিষয়ক সমস্যাগুলি উচ্চ অগ্রাধিকার দিয়ে নিশ্চিত করবে)<br>• বর্তমান স্টুডেন্ট এবং অ্যালামনাই কাউন্সেলিং টিম গঠন |
| সাধারণ প্রশাসন ও অর্থ | • সমাজসেবা অধিদপ্তরের সাথে কুআ নিবন্ধনের জন্য উদ্যোগ গ্রহণ<br>**নিম্নলিখিত সম্ভাব্যতা যাচাই করন**<br>– কুআ সদস্য কল্যাণ তহবিল<br>– বাংলাদেশের বিভিন্ন স্থানে কুআ চ্যাপটার গঠন<br>– ঢাকায় অফিস স্থাপন<br>– দরিদ্র ও যোগ্য শিক্ষার্থীদের জন্য বৃত্তি তহবিল তৈরি করা<br>– নারী অ্যালামনাইদের জন্য থাকার ব্যবস্থা(প্রয়োজনে)<br>• ২০২৬ সালে কুআ পুনর্মিলনের ব্যবস্থা |

## সামাজিক যোগাযোগ মাধ্যম নীতিমালা গঠন

কুআ সামাজিক যোগাযোগ মাধ্যমে অ্যালামনাই সদস্যবৃন্দের পোস্ট প্রদানের ক্ষেত্রে “সামাজিক যোগাযোগ মাধ্যম নীতিমালা” চূড়ান্ত করেছে। কুআ'র সামাজিক যোগাযোগ মাধ্যমে কন্টেন্ট প্রকাশের নীতিমালা সমূহ :

খুলনা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন (কুআ) এর সামাজিক যোগাযোগ মাধ্যম (ফেসবুক গ্রুপ/ পেইজ) এ কন্টেন্ট পোস্ট/প্রকাশের ক্ষেত্রে নিম্নবর্ণিত নিয়ম অনুসরণ করতে হবে:

১। সকল কন্টেন্ট/ পোস্ট খুলনা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন (কুআ) এর গঠনতন্ত্রে বর্ণিত “অ্যাসোসিয়েশনের লক্ষ্য ও উদ্দেশ্য” এর সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।

২। যে কোন সদস্য কর্তৃক ফেসবুক গ্রুপ/ পেইজে পোস্ট করার জন্য পোস্টদাতার নাম, ডিসিপ্লিন এবং ব্যাচ উল্লেখ করতে হবে।

৩। “কুআ” একটি অরাজনৈতিক ও অসাম্প্রদায়িক প্ল্যাটফর্ম। তাই যে কোন রাজনৈতিক/ধর্মীয় বিষয় নিয়ে আলোচনা / পোস্ট হতে বিরত থাকতে হবে।

৪। খুলনা ইউনিভার্সিটি অথবা খুলনা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সাথে সম্পর্কিত নয় এমন কোন ধরনের সংবাদ/ পোস্ট করা থেকে বিরত থাকতে হবে।

৫। খুলনা ইউনিভার্সিটি অথবা খুলনা ইউনিভার্সিটির বর্তমান বা প্রাক্তন শিক্ষার্থীদের কোন অর্জন সম্পর্কিত কোন সংবাদ বা তথ্য প্রকাশের ক্ষেত্রে তথ্যের উৎস উল্ল্যেখ করতে হবে।

৬। খুলনা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের প্রাক্তন/বর্তমান কোন সদস্যকে নিয়ে আক্রমনাত্বক বা কটূক্তিমূলক কোন ধরণের পোস্ট করা থেকে বিরত থাকতে হবে।

৭। কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা রাষ্ট্রকে হেয় প্রতিপন্ন করে এমন তথ্য-উপাত্ত প্রকাশ করা যাবে না। সরকার বা রাষ্ট্র বিরোধী কোন পোস্ট করা যাবে না।

৮। ঘৃণাত্মক বক্তব্য, বর্ণবাদ, লিংগ বৈষম্য বা এ সংক্রান্ত বিতর্কমূলক কোন তথ্য-উপাত্ত প্রকাশ করা যাবে না।

৯। গুজব, ভিত্তিহীন, অসত্য ও অশ্লীল তথ্য প্রকাশ করা যাবে না।

১০। সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশিতব্য টেক্সট, ফটো, অডিও, ভিডিও গুরুত্বের সাথে নির্বাচন ও বাছাই করতে হবে।

১১। কোন বিজ্ঞাপন বা ব্যবসায়িক উদ্দ্যেশ্যে করা কোন পোস্ট প্রকাশ করা যাবে না।

১২। সাহায্য/ সহায়তা সংক্রান্ত পোস্ট (ব্লাড কালেকশন, মেডিক্যাল, আর্থিক ও বিবিধ জরুরী প্রয়োজন সংক্রান্ত) অবশ্যই খুলনা ইউনিভার্সিটি/ খুলনা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন কম্যুনিটি সংশ্লিষ্ট হতে হবে। এ ক্ষেত্রে পোস্ট প্রদানকারী পরবর্তীতে পোস্টের আপডেটেড স্ট্যাটাস অবহিত করবেন।

১৩। বাংলাদেশ সরকার কর্তৃক প্রণীত “ডিজিটাল নিরাপত্তা/ সাইবার সিকিউরিটি” সংশ্লিষ্ট কোন আইন/নীতিমালা/বিধিমালা এর ব্যত্যয় ঘটে এমন কোন পোস্ট করা যাবে না।

১৪। কুআ কার্য নির্বাহী কমিটি কর্তৃক প্রচারিত কোন নোটিশ/ কমেন্ট/ পোস্ট সর্বোচ্য অগ্রাধিকার ভিত্তিতে পাবলিশ করা হবে।

১৫। কোন পোস্ট অনুমোদন বা বাতিলের বিষয়ে সভাপতি/ সাধারণ সম্পাদকের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে যা গ্রুপ/ পেইজ এডমিন/ মডারেটরগণ বাস্তবায়ন করবেন।

## যাকাত ফান্ড গঠন

খুবি'তে অধ্যয়নরত গরিব, অসহায় শিক্ষার্থীদের শিক্ষা, চিকিৎসা সহ জনজীবনে হঠাৎ সৃষ্ট বিপর্যয়কর পরিস্থিতিতে সহায়তা প্রদানের জন্য যাকাত ফান্ড গঠন করা






হয়েছে, যার আহবায়ক হিসাবে দায়িত্ব পালন করবেন মোঃ আকতার হোসেন, সাধারণ সম্পাদক কুআ কার্যনির্বাহী কমিটি। এই ফান্ড সুষ্ঠু ভাবে পরিচালনার "খুলনা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন (কুআ) যাকাত অ্যাকাউন্ট" শিরোনামে একটি চলতি হিসাব খোলা হয়েছে। এই হিসাবে কোন সুদ গ্রহণ করা হবে না এবং সম্পূর্ণ শরীয়াহ মোতাবেক পরিচালিত হবে মর্মে কার্যনির্বাহী পরিষদের সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

### গবেষণা সেল গঠন

একটি দেশের উন্নয়নে গবেষণার প্রয়োজন অনস্বীকার্য। আমাদের প্রিয় খুলনা বিশ্ববিদ্যালয়ে শিক্ষার পাশাপাশি প্রথম থেকেই গবেষণার প্রতি গুরুত্ব দিয়ে আসছে। এখানে স্নাতক পর্যায়েই সকল ডিসিপ্লিনে গবেষণা বাধ্যতামূলক এবং আগ্রহ থাকলে শিক্ষার্থীরা স্নাতকোত্তর পর্যায়ে গিয়ে বৃহৎ আকারে গবেষণা করতে পারে। বিশ্বায়নের এই যুগে বিশ্ববিদ্যালয়কে শুধু পাঠদানের মধ্যে সীমাবদ্ধ থাকলেই হবে না, উদ্ভাবনের দিকেও নজর দিতে হবে। এই লক্ষ্যকে সামনে রেখে খুবি'কে 'রিসার্চ ফোকাসড' বিশ্ববিদ্যালয় হিসেবে প্রতিষ্ঠিত করার জন্য বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। বিশ্ববিদ্যালয়ের এই প্রচেষ্টাকে সাফল্য মণ্ডিত করতে বর্তমান কুআ কার্যনির্বাহী ড. মুন্নুজাহান আরা (বীথি), সম্পাদক, সাহিত্য ও প্রকাশনা কে আহবায়ক এবং সাহিত্য ও প্রকাশনা সহ-সম্পাদক ড. শেখ তারেক আরাফাত (শাওন) কে সদস্য সচিব করে একটি "কুআ গবেষণা সেল" গঠন করেছে। এই গবেষণা সেলের অন্যান্য সদস্যগণ হলেন কুআ কার্যনির্বাহী কমিটির নির্বাহী সদস্য ড. মোঃ নূরুন্নবী, সহসভাপতি মোঃ আনিসুর রহমান, নির্বাহী সদস্য ড. মোঃ নাজমুস সাদাত, ছাত্র বিষয়ক সম্পাদক ড. আহসান হাবীব (শিমুল), নির্বাহী সদস্য ড. মাসুদুর রহমান, অফিস ব্যবস্থাপনা সহ-সম্পাদক ড. সঞ্জয় কুমার চন্দ এবং নির্বাহী সদস্য হাসান জামিল জেনিথ। কমিটি বেশ কয়েকটি মিটিং এ বিশদ আলোচনা করে KUAA Research Cell এর Terms of Reference (TOR) প্রস্তুত করে চূড়ান্ত করেছেন। আসছে ২০২৪-২০২৫ সেশনে KUAA Research Grants অ্যাপ্লিকেশন সার্কুলার এর মধ্যে দিয়ে এই সেলের কার্যক্রম শুরু করা হবে বলে আমরা আশা পোষণ করছে।

### কুআ'র সাহিত্য ও প্রকাশনা কমিটি কর্তৃক প্রকাশিত নিউজ বুলেটিন এর মোড়ক উন্মোচন

সম্পাদিত কর্ম এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনাসমূহ খুলনা বিশ্ববিদ্যালয়ের সকল অ্যালামনাইদের কাছে পৌঁছে দেবার লক্ষ্যে বর্তমান কার্যনির্বাহী কমিটি 'সাহিত্য ও প্রকাশনা' কমিটির মাধ্যমে ছয় মাস অন্তর অন্তর একটি করে নিউজ বুলেটিন প্রকাশের সিদ্ধান্ত গ্রহণ করে এবং ১ম বর্ষের দুইটি সংখ্যা (জুলাই ২০২৩ থেকে ডিসেম্বর ২০২৩ ও জানুয়ারী ২০২৪ থেকে জুন ২০২৪) ইতোমধ্যে প্রকাশিত হয়েছে।

TRUSTAIRA
Trustaira Limited
Security You Can Trust

What we offer
- Cyber Security Operation Center (SOC)
- DataCenter
- Enterprise Network
- Application Security
- Consulting & Training

Leading cyber security & IT infrastructure vendor in Bangladesh.
Contact Us
Concord Tower, Suite-1004,113 Kazi Nazrul Islam Avenue, Banglamotor, Dhaka-1000
+88 09613-824068
info@trustaira.com
https://trustaira.com/



কুআ'র সাহিত্য ও প্রকাশনা কমিটি কর্তৃক প্রকাশিত ১ম নিউজ বুলেটিন (জুলাই - ডিসেম্বর ২০২৩) এর মোড়ক দুইটি পর্যায়ে উন্মোচন করা হয়। প্রথম পর্যায়ে ৮ই ফেব্রুয়ারি ২০২৪ইং তারিখ বিকাল ৫টায় খুবি'র প্রাক্তন উপাচার্য প্রফেসর ড. মাহমুদ হোসেন উক্ত নিউজ বুলেটিনটিনের মোড়ক উন্মোচন করেন।




দ্বিতীয় পর্যায়ে পরের দিন অর্থাৎ ৯ই ফেব্রুয়ারি ২০২৪ইং তারিখে ঢাকার মাদানী এভিনিউ শেফ'স টেবিল কোর্ট সাইট মাঠে কুয়া আয়োজিত ফুটবল টুর্নামেন্ট ২০২৪ এর উদ্বোধনের পর সভাপতি এ জেড এম আনোয়ারুজ্জামান এবং সাধারণ সম্পাদক মোঃ আখতার হোসেনের উপস্থিতিতে নিউজ বুলেটিনের মোড়ক উন্মোচন করা হয়।

প্রথম বর্ষের দ্বিতীয় সংখ্যার (জানুয়ারী - জুন ২০২৪) মোড়ক ১২ই সেপ্টেম্বর (বৃহস্পতিবার) ২০২৪ ইং সকাল ১০টায় শহিদ তাজউদ্দীন আহমদ প্রশাসনিক



ভবনের ২য় তলাস্থ সম্মেলন কক্ষে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ও আর্থিক কার্যক্রম পরিচালনার দায়িত্বপ্রাপ্ত জ্যেষ্ঠ অধ্যাপক ও বর্তমান উপাচার্য ড. মো. রেজাউল করিম উন্মোচন করেন।

## কুআ শহীদ মুগ্ধ ওয়েলফেয়ার ফান্ড নামকরণ ও ফান্ড রেইজিং এর পদক্ষেপ গ্রহণ




'কুআ ওয়েলফেয়ার ফান্ড' দীর্ঘদিন যাবত খুলনা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ও বর্তমান শিক্ষার্থীদের কল্যাণে ব্যবহৃত হচ্ছে। এই ওয়েল ফেয়ার ফান্ড আর্থিকভাবে অসচ্ছল অ্যালামনাই ও বর্তমান ছাত্রছাত্রীদের আর্থিক সহযোগিতা, অ্যালামনাইদের চিকিৎসায় সহযোগিতা এবং তাদের কল্যাণে ব্যবহৃত হচ্ছে। কোটা সংস্কার আন্দোলনে আমাদের ম্যাথ ১৯ ব্যাচের অ্যালামনাই শহীদ মীর মুগ্ধের স্মরণে 'কুআ ওয়েলফেয়ার ফান্ড' এর নাম পরিবর্তন করে 'কুআ শহীদ মুগ্ধ





ওয়েলফেয়ার ফান্ড' নামকরণ করা হয়েছে। সেই সাথে কুআ শহীদ মুগ্ধ ওয়েল ফেয়ার ফান্ড রেইজিং এর জন্য কুআ'র কার্যনির্বাহী সদস্য মাহামুদুল হাসান (মিল্লাত) এর প্রস্তাবিত আইডিয়ায় এই শীতে স্যুভেনি হিসেবে একটি জ্যাকেট তৈরি করা হয়েছে, যার মহৎ উদ্দেশ্য হচ্ছে জ্যাকেট থেকে সংগ্রহিত অর্থ এই ফান্ড এ জমা হবে। আপনারা যারা কুআ'র এই উদ্যোগে সঙ্গী হয়েছেন তাদেরকে কমিটির পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ। উল্লেখ্য যে, ২৭শে ডিসেম্বর ২০২৪ ইং তারিখ থেকে জ্যাকেট অ্যালামনাইদের কাছে পৌঁছে দেবার কাজ শুরু হয়েছিলো।

## কুআ মেম্বার কার্ড এর শুভ সূচনা



বিশ্ববিদ্যালয় দিবস ২০২৪ এ বহুল প্রত্যাশিত কুআ মেম্বারশীপ কার্ড প্রদান কার্যক্রমের উদ্বোধন করেন মাননীয় উপাচার্য প্রফেসর ড. মোঃ রেজাউল করিম।

উল্লেখ্য যে, কুআ'র সাথে ইতোমধ্যে গত কার্যনির্বাহী কমিটি কর্তৃক ইউনাইটেড হাসপাতালের সাথে ১০% ডিসকাউন্টের একটা চুক্তি স্বাক্ষরিত হয়েছে। বর্তমান কমিটি দেশের বিভিন্ন হাসপাতাল, হোটেল, সুপারশপ, রিসোর্ট, বিমা, কর্পোরেট হাউসের সাথে চুক্তির বিষয়ে পদক্ষেপ গ্রহণ করেছে যেটা শীঘ্রই প্রকাশ করা হবে। এ সকল সুবিধা পেতে হলে কুআ'র রেজিস্ট্রার্ড মেম্বার হয়ে কুআ আইডি কার্ড গ্রহণ করার জন্য সকল অ্যালানাই কে অনুরোধ করছি।




কুআ'র রেজিস্ট্রার্ড মেম্বার হওয়ার জন্য 'কুআ'র ওয়েবসাইট (kuaa.org.bd) ভিজিট করা যেতে পারে। যারা ইতোমধ্যে জীবন সদস্য অথবা রেজিস্ট্রার্ড সদস্য হয়েছেন তারা কুআ'র ওয়েবসাইটে গিয়ে সাম্প্রতিক ছবি, ঠিকানা ইত্যাদি তথ্য হালনাগাত করতে পারবেন।

## আর্থিক ও অন্যান্য সহযোগিতায় কুআ

কুআ সর্বদাই অ্যালামনাইদের পাশে সাহায্যের হাত বাড়িয়ে পাশে থাকে। খুলনা বিশ্ববিদ্যালয়ের বর্তমানে অধ্যয়নরত কয়েকজন শিক্ষার্থীর টার্ম রেজিস্ট্রেশন, কয়েক জন অ্যালামনাইয়ের অসুস্থতার জন্য ফান্ড সংগ্রহ এবং ১ম বর্ষে ভর্তির জন্য কয়েকজন শিক্ষার্থীকে আর্থিকভাবে সাহায্য প্রদান করে পাশে ছিলো কুআ। এছাড়াও, প্রয়োজনে কয়েকজন অ্যালামনাই এবং বর্তমান স্টুডেন্টের পরিবারের পাশে থেকে তাদের জন্য কাজ করেছে কুআ।






গত আগস্ট ২০২৪ এ দেশের বিভিন্ন স্থান বন্যায় প্লাবিত হয়। কুআ বন্যা দুর্গতদের সাহায্যের জন্য কার্যনির্বাহী সদস্যদের সমন্বয়ে ওয়ার্কিং গ্রুপ গঠন করার মাধ্যমে তাদের কার্যক্রম পরিচালনা করে সর্বদাই পাশে থেকেছে বন্যা দুর্গতদের।



## কুআ কর্তৃক আয়োজিত বিভিন্ন অনুষ্ঠান সমূহ

### কুআ কফি আড্ডা @ মিরপুর




গত ১লা সেপ্টেম্বর ২০২৩ ইং তারিখে ঢাকার মিরপুরে স্থানীয় অ্যালামনাইদের অংশগ্রহণে "কুআ কফি আড্ডা @ মিরপুর" আয়োজন করা হয়। উক্ত আয়োজনে কুআ'র সভাপতি ও সাধারান সম্পাদকসহ আরো অনেক অ্যালামনাইবৃন্দ উপস্থিত ছিলেন।

### সদস্য সংগ্রহ কার্যক্রম




কুআ বিভিন্ন সময় বিভিন্ন শহরে অ্যালামনাইদের সঙ্গে যোগাযোগ বৃদ্ধি এবং বর্তমান কমিটির কার্যক্রম গতিশীল করতে ছোট এবং বড় পরিসরে মতবিনিময় সভা এবং সদস্য সংগ্রহ করছে। এরই ধারাবাহিকতায় গত ১৫ ই অক্টোবর, ২০২৩



ইং খুলনা বিশ্ববিদ্যালয়ে গেট টুগেদার, সদস্য সংগ্রহ এবং সাংস্কৃতিক প্রোগ্রামের আয়োজন করা হয়।



গত দেড় বছরে কুআ'র সাধারণ সদস্য হয়েছেন ২৫৬ জন এবং জীবন সদস্য হয়েছেন ৩৬ জন। জীবন সদস্য যারা হয়েছেন তারা হলেন : এস এম আশিকুর রহমান(৯৬০৬১৩), সালাউদ্দিন(৯৬০৬৩২), এস এম একরামুল হক(৯৮০৬২৫), মোঃ হোসেন আলি(০৯০৮১২), ড. মোঃ আজিজুল হাসান(৯৮০৮২১), শাহানা সুলতানা(৯৫০৬০২), কামরুল হাসান(০১০৭১৯),

মুহাম্মাদ মুরাদ বিল্লাহ(০১০৪২৪), মোঃ শাফিকুল আলম সুজন(৯৯০৬০২), মোঃ আব্দুল্লাহ আল মামুন(০৪১২৫১), এস এম আসাদুজ্জামান(৯৯০৬১৬), হাসান কাইয়ুম(০০০১১০), সাইদ মোর্শেদ কামাল(৯৪০৩২৪), বিপ্লব কুণ্ডু(০৭০৫১২), মোঃ মযিরুল ইসলাম(৯৯০৬৩১), মোহাম্মাদ তারেকুল ইসলাম(৯৯০৬২৬), সৌরভ দাস(০৬১৬১৬), অনুপম চক্রবর্তী(০০০১২২), আসিফ ইকবাল(০১০১০৫), আবু ইসমাইল মোঃ মারফ-উল-আহসান(০১০১১৭), রাজিব কান্তি হালদার(৯৫০৩২৪) এবং মোঃ হাফিযুর রহমান শাইখ(০৭১০৩১), মোঃ ওমর ফারুকী (১০১৬৩১), মনিষ কুমার মণ্ডল(৯৪০৬০৮), মোঃ আব্দুল কুদ্দুস(৯৪০২০৫), শেখ এম নাজমুল হোসাইন(৯৪০৪১২), মোঃ তউহিদজ্জামান(০১০৩৪৬), আশিক ইকবাল(৯৩০১২৩), রাকিব হোসাইন(১৮১৫০৬), মোঃ সহেল রানা(০১০১১৬), ড. মোঃ শেরাজুল ইসলাম(৯৬০৬৩০), সাইফুল মনি(১৫১৫৩২), এস এম মিজানুর রহমান(৯৭০২১১), মোঃ আনিসুর রহমান(৯৩০৪০৮), মোঃ মামুনুর রেজা ইনবে আবেদিন(৯৭০২৩৬) এবং রাশেদুল আলম সরকার(০৫১০২৬)। উল্লেখ্য যে, যারা জীবন সদস্য হবেন তাদেরকে কুআ'র এজিএম এ বিশেষ ভাবে সম্মানিত করা হবে।

## বৃক্ষরোপণ কর্মসূচি

খুলনা বিশ্ববিদ্যালয় কাম্পাসে কুআ গত ১৫ ই অক্টোবর ২০২৩ ইং তারিখে বর্তমান ক্যাফেটেরিয়ার পাশে বৃক্ষরোপণের মাধ্যমে বৃক্ষরোপণ কর্মসূচি পালন করে। কুআ ২০২৪ সালে সপ্তাহ ব্যাপী, ১৩ই জুলাই থেকে ১৯ই জুলাই ২০২৪ ইং








বৃক্ষরোপণ কর্মসূচি পালন করে। এ সময় খুবি'র বিভিন্ন স্থানে বৃক্ষ রোপণ করা হয় এবং এই কর্মসূচীর অর্থায়নে ছিল সিএসই '৯৭ ব্যাচ।

## মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত



খুলনা বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে যথাযোগ্য মর্যাদায় ২১শে ফেব্রুয়ারী ২০২৪ইং তারিখে মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হয়েছে। দিবসটি উপলক্ষ্যে সকাল ৬.৩০ মিনিটে শহীদ তাজউদ্দীন আহমদ প্রশাসন ভবনের সামনে কালো ব্যাজ ধারণ, জাতীয় পতাকা অর্ধনমিতকরণ ও কালো পতাকা উত্তোলনের পর মাননীয় প্রাক্তন উপাচার্য প্রফেসর ড. মাহমুদ হোসেন এর নেতৃত্বে প্রভাতফেরি কেন্দ্রীয় শহিদ মিনারে পৌঁছায়। কেন্দ্রীয় শহিদ মিনারে কুআ'র পক্ষ থেকে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করা হয় এ সময় কুআ কার্যনির্বাহী কমিটির সাংগঠনিক সম্পাদক মোঃ তাকদিউর রহমান মুকুট, মোঃ শফিকুল আলম (সুজন), ছাত্র বিষয়ক সম্পাদক প্রফেসর ড. আহসান হাবীব (শিমুল), ছাত্র বিষয়ক সহ-সম্পাদক মো. আব্দুল্লাহ আল মামুন, সাহিত্য ও প্রকাশনা সম্পাদক প্রফেসর ড. মুন্নুজাহান আরা (বীথি), সাহিত্য ও প্রকাশনা সহ-সম্পাদক ড. শেখ তারেক আরাফাত (শাওন), নির্বাহী সদস্য ড. মোঃ নাজমুস সাদাত ও মাহামুদুল হাসান (মিল্লাত) সহ অন্যান্য অ্যালামনাই উপস্থিত ছিলেন।

# খুলনা বিশ্ববিদ্যালয় দিবস উৎযাপন

কুআ'র উদ্যোগে খুলনা বিশ্ববিদ্যালয় দিবস-২০২৩ উদযাপন উপলক্ষে ঢাকায় এবং খুলনা বিশ্ববিদ্যালয়ে কেক কেটে দিনটি উৎযাপন করা হয়। কুআ'র সভাপতি এজেডএম আনোয়ারুজ্জামান সহ ঢাকায় অবস্থানরত অ্যালামনাইবৃন্দ মোহাম্মাদপুরে একত্রিত হন এবং খুলনা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে তৎকালীন মাননীয় উপাচার্য প্রফেসর ড. মাহমুদ হোসেন সহ খুলনাতে অবস্থানরত অ্যালামনাইবৃন্দ একত্রিত হন দিনটি উৎযাপন করতে।

বিপুল উৎসাহ-উদ্দীপনায় বর্ণিল আয়োজনের মধ্য দিয়ে এবারের (২০২৪ সালের) ২৫ নভেম্বর (সোমবার) খুলনা বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন করা হয়। এ বছর খুলনা বিশ্ববিদ্যালয় শিক্ষা কার্যক্রমের ৩৪ বছর পূর্ণ করে ৩৫ বছরে পদার্পণ করলো। দিবসটি উপলক্ষ্যে খুলনা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে ১০০ পাউন্ডের কেক কাটা হয় এবং পরে মাননীয় উপাচার্য প্রফেসর ড. মোঃ রেজাউল করিম স্যার সহ কুআ বিশ্ববিদ্যালয়ের ভিসি, প্রোভিসি, কোষাধ্যক্ষ, রেজিস্ট্রার ও ছাত্রবিষয়ক পরিচালক এর সাথে সৌজন্য সাক্ষাৎ করে এবং স্মারক উপহার হিসেবে ক্রেস্ট প্রদান করে।














## কুআ কর্তৃক আয়োজিত ফুটবল টুর্নামেন্ট ২০২৪ অনুষ্ঠিত



কুআ কার্যনির্বাহী কমিটির ৩য় সাধারণ সভায় ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক মোঃ সাথীল ইসলাম (ডলার) ও সহ-সম্পাদক এ.কে.এম. হুমায়ুন কবীর দেওয়ান (স্বপন) কে কুআ'র বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা আয়োজনের দায়িত্ব প্রদান করা হয়। পরবর্তীতে ফুটবল টুর্নামেন্ট ২০২৪ অনুষ্ঠিত হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় এবং নিম্নলিখিত সদস্যেদের সমন্বয়ে "ফুটবল টুর্নামেন্ট ২০২৪" নামে একটি কমিটি গঠন করা হয়ঃ সহ-সভাপতি মোঃ তানভীর হাসান (আহবায়ক), যুগ্ম সম্পাদক মোঃ মুজাহিদুল ইসলাম (যুগ্ম আহবায়ক), ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক মোঃ সাথীল ইসলাম (ডলার) (সদস্য) এবং ক্রীড়া ও সাংস্কৃতিক সহ-সম্পাদক এ.কে.এম. হুমায়ুন কবীর দেওয়ান (স্বপন) (সদস্য)।




গত ৯ই ও ১০ই ফেব্রুয়ারি ২০২৪ ইং তারিখ দুই দিন ব্যাপী "ফুটবল টুর্নামেন্ট ২০২৪" অনুষ্ঠিত হয় ঢাকার মাদানী এভিনিউ শেফ'স টেবিল কোর্ট সাইঠ মাঠে। টুর্নামেন্টে মোট ২১ টি ডিসিপ্লিন অংশগ্রহণ করে। এই টুর্নামেন্টের উদ্বোধন করেন কুয়ার সভাপতি এ জেড এম আনোয়ারুজ্জামান এবং সাধারণ সম্পাদক মোঃ আখতার হোসেন।

এই টুর্নামেন্টের ফাইনালে গণিত ডিসিপ্লিন ২-০ গোলে ব্যবসা প্রশাসন ডিসিপ্লিনকে হারিয়ে চ্যাম্পিয়ন শিরোপা অর্জন করে। বিজয়ীদের মধ্যে ক্রেস্ট ছাড়াও টুর্নামেন্টে চ্যাম্পিয়ন টিমের জন্য ৩০,০০০/- এবং রানার আপ এর জন্য ২০,০০০/- টাকা প্রাইজ মানি দেওয়া হয়। উক্ত খেলায় গোল্ডেন বুট, গোল্ডেন বল এবং গোল্ডেন গ্লাভস জিতেছেন গণিত ডিসিপ্লিনের জাকিউল ইসলাম জ্যাক, তরিকুর রহমান রাফি এবং নাইমুর হোসেন সাগর। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সংগঠনটির সভাপতি এ জেড এম আনোয়ারউজ্জামান, সাধারণ সম্পাদক মোঃ আকতার হোসেন, সহ-সভাপতি মোহাম্মদ তানভীর হোসেন, যুগ্ম সম্পাদক মুজাহিদুল ইসলাম, ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক মোঃ সাথীল  ইসলাম (ডলার), ক্রীড়া ও সাংস্কৃতিক সহ-সম্পাদক এ ই কে এম হুমায়ুন কবির দেওয়ান (স্বপন), বিগত কমিটির সাধারন সম্পাদক ফজলে রেজা সুমন এবং ফুটবল টুর্নামেন্টের টাইটেল স্পন্সর বায়োজিনের সিইও জাহিদুর রহমান সহ আরো অনেক অ্যালামনাই।




## বেস্ট প্লেয়ার অফ দ্যা টুর্নামেন্ট-কে পুরস্কৃত করা




খুবি'তে অধ্যয়নরত শিক্ষার্থীদের পড়াশুনার পাশাপাশি খেলাধুলায় উৎসাহ প্রদানে প্রথমবারের মত কুআ'র পক্ষ হতে আন্তঃডিসিপ্লিন ক্রিকেট প্রতিযোগিতায় মনোনীত "বেস্ট প্লেয়ার অফ দ্যা টুর্নামেন্ট"-কে নগদ দশ হাজার টাকা প্রদান করার হবে মর্মে ঘোষণা পূর্বেই দেয়া হয়ে ছিল। খুলনা বিশ্ববিদ্যালয়ে আন্তঃডিসিপ্লিন ক্রিকেট প্রতিযোগিতা-২০২৪ এর পুরস্কার বিতরণী অনুষ্ঠান খুলনা বিশ্ববিদ্যালয়ে গত ২২শে ফেব্রুয়ারী ২০২৪ইং তারিখে অনুষ্ঠিত হয়। এইদিন কুআ কর্তৃক 'বেস্ট প্লেয়ার অফ দ্যা টুর্নামেন্ট' কে প্রাইজমানি প্রদান করা এবং পুরস্কারটি পান স্থাপত্য ডিসিপ্লিনের তুষার সরকার। এ সময় উপস্থিত ছিলেন তৎকালীন মাননীয় উপাচার্য প্রফেসর ড. মাহমুদ হোসেন,  ট্রেজারার প্রফেসর অমিত রায় চৌধুরী, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) প্রফেসর খান গোলাম কুদ্দুস, ছাত্র বিষয়ক পরিচালক (চলতি দায়িত্ব) মোহাম্মদ রকিবুল হাসান সিদ্দিকী, শারীরিক শিক্ষা চর্চা বিভাগের পরিচালক (ভারপ্রাপ্ত) এবং কুআ কার্যনির্বাহী কমিটির ছাত্র বিষয়ক সম্পাদক প্রফেসর ড. আহসান হাবীব, সাহিত্য ও প্রকাশনা সম্পাদক প্রফেসর ড. মুন্নুজাহান আরা (বীথি), নির্বাহী সদস্য মাহামুদুল হাসান (মিল্লাত)সহ আরো অনেকে।

# খুলনা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন (KUAA) আয়োজিত দিনব্যাপি বার্ষিক পিকনিক-২০২৩ ও মিলন মেলা অনুষ্ঠিত

অ্যালামনাইদের ব্যাস্ত জীবন থেকে একদিনের জন্য প্রশান্তির আলিঙ্গন, বিনোদন ও পারস্পরিক সৌহার্দ্য বৃদ্ধির উদ্দেশ্যে খুলনা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন এর আয়োজনে ১লা মার্চ ২০২৪ইং তারিখে ফর্টিজ ডাউন টাউন রিসোর্ট, মাদানি এভিনিউ, বড় বেরাইদ, বাড্ডা, ঢাকাতে বাৎসরিক পিকনিক ও পুনর্মিলনী ২০২৪ অনুষ্ঠিত হয়। দুই শতাধিক প্রাক্তন শিক্ষার্থী তাদের পরিবারের সদস্যসহ পাঁচ শতাধিক অংশগ্রহণকারী আনন্দঘন পরিবেশে দিনটি উদযাপন করে। দিনব্যাপী প্রাক্তন শিক্ষার্থী ও তাদের পরিবারের সদস্যদের নিয়ে বিভিন্ন ধরণের প্রতিযোগিতা, স্মৃতিচারণ, আলোচনা, র‍্যাফেল ড্র ও পুরস্কার বিতরনী অনুষ্ঠানের আয়োজন করা হয়। সব শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও আতশবাজির মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।















কুআ কার্যনির্বাহী কমিটির পক্ষ থেকে নিম্নলিখিত সদস্যেদের সমন্বয়ে একটি কমিটি এই আয়োজনের দায়িত্ব পালন করেন: সহ-সভাপতি ড. মো. শফিক-উর রহমান(আহবায়ক), সহ-সভাপতি হোসনে আরা পপি(যুগ্ম আহবায়ক), নির্বাহী সদস্য ড. এ.কে.এম. আক্তারুজ্জমান বসুনিয়া(যুগ্ম আহবায়ক), যুগ্ম আহবায়ক শায়কা ইমাম শান্তা(সদস্য), যুগ্ম সম্পাদক মোঃ মুজাহিদুল ইসলাম(সদস্য), সাংগঠনিক সম্পাদক মোঃ তাকদিউর রহমান মুকুট(সদস্য), মোঃ শফিকুল আলম (সুজন)(সদস্য), মোঃ মতিউর রহমান (মতিন)(সদস্য), নির্বাহী সদস্য খন্দকার মোহাম্মদ আশরাফুল আলম (লিপন)(সদস্য), মুহাম্মদ মোবারক হোসেন (উজ্জ্বল)(সদস্য), নারী বিষয়ক সম্পাদক আসমা হক (কান্তা)(সদস্য) এবং নির্বাহী সদস্য মোঃ শাহীনূর রহমান (কবির)( সদস্য সচিব) ।

# দেশের ১৩টি স্থানে একযোগে কুআ'র উদ্যোগে বার্ষিক দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত





কুআ'র কার্যনির্বাহী কমিটির নিম্নলিখিত সদস্যেদের সমন্বয়ে বার্ষিক দোয়া ও ইফতার মাহফিল সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষে একটি কমিটি গঠন করা হয়: সহ-সভাপতি খোঃ মাযহাবউদ্দীন পল্লব (আহবায়ক), জনসংযোগ সহ-সম্পাদক মোঃ সোহেল সারওয়ার জাহান (সদস্য), নির্বাহী সদস্য রাশেদুল আলম সরকার (রাশেদ) (সদস্য) এবং যুগ্ম সম্পাদক মোঃ মুজাহিদুল ইসলাম (সদস্য সচিব)।

উক্ত কমিটির তত্ত্বাবধানে দেশে এই প্রথম ১৩ টি স্থানে ২২ শে মার্চ ২০২৪ ইং তারইখে একযোগে বার্ষিক দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়ঃ বন ভবন মিলনায়তন, আগারগাঁও, ঢাকা; শিক্ষক ক্লাব সংলগ্ন মাঠ, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা; পুলিশ কমিশনারের কার্যালয়, বরিশাল; বিটিভি ক্যাফে, খুলশী, চট্টগ্রাম; আমানা ফানভিলে, সরকার টাওয়ার, কুমারপাড়া, সাহেব বাজার, রাজশাহী; ফুড পার্ক, জয়নুল আবেদিন পার্কে সংলগ্ন, সদর, ময়মনসিংহ; পিজ্জা মিলান রেস্টুরেন্ট, আল-বারাকা শপিং সেন্টার (৩য় তলা), সাতক্ষীরা; হোটেল হাসান এন্টারন্যাশনাল (২য় তলা), মাইকপট্টি, যশোর; সুড়ঙ্গ রেস্তোরাঁ , বিগ বাজারের নিচ তলা, টার্মিনাল রোড, নড়াইল; হোটেল সিগাল, কক্সবাজার; ফুড সাফারি, মকবুল হোসেন প্লাজা ,২৫০ এইচ এস এস রোড , ঝিনাইদহ; রায়হান্স হোটেল,ধাপ পুলিশ ফাঁড়ি, রংপুর এবং হল রুম, মৎস্য বীজ উৎপাদন খামার, নাটোর। প্রতিটি স্থানে অত্যন্ত সুষ্ঠু ও সুন্দর ভাবে আয়োজন অনুষ্ঠিত হয়। উল্লেখ্য, খুবি প্রাঙ্গনে প্রায় ৭০০ জন  অ্যালামনাই দোয়া ও ইফতার মাহফিলে সমবেত হয়েছিলো, যাকে একটি ছোটখাটো পুনর্মিলনী বলা যেতে পারে।














## কটকা ট্রাজেডি স্মরণে শোক দিবস পালিত



১৩ই মার্চ ২০২৪ ইং তারিখে নানা আয়োজনের মধ্য দিয়ে কটকা ট্রাজেডি স্মরণে পালিত হয় খুলনা বিশ্ববিদ্যালয় শোক দিবস। ২০০৪ সালের এ দিনে সুন্দরবনের কটকায় সফরে গিয়ে খুলনা বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য ডিসিপ্লিনের ৯ জন এবং বুয়েটের ২ জনসহ মোট ১১ জন ছাত্র-ছাত্রী সমুদ্রগর্ভে নিমজ্জিত হয়ে শাহাদতবরণ করেন। সেই থেকে প্রতিবছর দিনটিতে খুলনা বিশ্ববিদ্যালয় শোক দিবস হিসেবে পালন করা হয়। শোক দিবসে বিশ্ববিদ্যালয়ের তৎকালীন উপাচার্য প্রফেসর ড. মাহমুদ হোসেন, উপ-উপাচার্য, ট্রেজারার, বিভিন্ন স্কুলের ডিন, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), স্থাপত্য ডিসিপ্লিন প্রধানসহ বিভিন্ন ডিসিপ্লিন প্রধান, ছাত্র বিষয়ক পরিচালক, প্রভোস্ট ও বিভাগীয় প্রধানসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারী এবং অ্যালামনাই অংশ নেন। কুআ'র পক্ষ থেকে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করা হয়।

## কুআ'র কার্যকরী পরিষদের ১ম বর্ষপূর্তি উদ্‌যাপন

কুআ'র কার্যকরী পরিষদের (২০২৩-২০২৬) দায়িত্ব গ্রহণের ১ম বর্ষপূর্তি উদ্‌যাপন হয়েছে ১৪ই জুলাই রোববার ২০২৪ ইং তারিখ বিকেলে বিশ্ববিদ্যালয় ক্যাফেটেরিয়ায় কেক কেটে। উল্লেখ্য, দায়িত্বগ্রহণের বর্ষপূর্তির এ অনুষ্ঠানটি একসঙ্গে খুলনা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এবং ঢাকায় অনুষ্ঠিত হয়েছে।





## খুলনা বিশ্ববিদ্যালয় ফুটবল টিমকে জার্সি ও বুট প্রদানে সহায়তা



১২ই ডিসেম্বর, ২০২৪ ইং তারিখে ইস্পাহানি প্রথম আলো কর্তৃক আয়োজিত আন্তঃবিশ্ববিদ্যালয় ফুটবল প্রতিযোগিতায় খুলনা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন খুলনা বিশ্ববিদ্যালয় টিমের জন্য জার্সি এবং বুট বাবদ ৪০,০০০ টাকা প্রদান করে।

## ট্রাফিক ব্যবস্থাপনায় খাবার বিতরণ

৫ই আগস্ট ২০২৪ ইং এর পর দেশের সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতির প্রেক্ষিতে সাধারণ শিক্ষার্থীরা স্বতঃস্ফূর্তভাবে দেশের বিভিন্ন স্থানে ট্রাফিক ব্যবস্থাপনায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। খুলনা শহরেও এই শিক্ষার্থীরা দায়িত্ব পালন করে, যা প্রশংসনীয় উদ্যোগ হিসেবে বিবেচিত হয়। এ সময় শিক্ষার্থীদের সহযোগিতা ও উৎসাহ প্রদানের লক্ষ্যে কুআ'র পক্ষ থেকে টানা তিনদিন তাদের জন্য দুপুরের খাবার প্রদান করা হয়। এই পদক্ষেপটি শিক্ষার্থীদের দায়িত্ববোধ ও সামাজিক অংশগ্রহণে উৎসাহিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে।

## বন্যার্তদের পুনর্বাসন কার্যক্রম



বন্যার্তদের সহায়তার ধারাবাহিকতায় কুআ বন্যা পরবর্তী পুনর্বাসন কার্যক্রমের অংশ হিসেবে ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর পুনর্বাসনের উদ্যোগ গ্রহণ করে। এ কার্যক্রমের আওতায় গত ৮ই ডিসেম্বর ২০২৪ ইং তারিখে খুলনা জেলার বটিয়াঘাটা উপজেলার ৫টি পরিবারকে ঘরবাড়ি নির্মাণের জন্য প্রয়োজনীয় সামগ্রী সরবরাহ করা হয়।

## নতুন ভাবনা ও উদ্ভাবনী বিষয়ক সেমিনার






খুলনা বিশ্ববিদ্যালয়ে ৮ই ডিসেম্বর ২০২৪ ইং তারিখে আয়োজিত হয় 'TEDx Khulna University 2024: Voices Uprise' কুআ এর সহযোগিতায় এবং Ayoto এর পৃষ্ঠপোষকতায় অনুষ্ঠিত এই ইভেন্টে ১২ জন পাবলিক ফিগার, ৩ জন অ্যালামনাই ও ৩ জন বর্তমান শিক্ষার্থীসহ মোট ১৯ জন বক্তা অংশ নেন। তরুণ প্রফেশনাল ও শিক্ষার্থীদের জন্য আন্তর্জাতিক প্ল্যাটফর্ম তৈরির লক্ষ্য নিয়ে আয়োজিত এ ইভেন্টে মিডিয়া, শিক্ষা, অর্থনীতি ও মানবিকতার মতো বিভিন্ন বিষয়ের ওপর আলোকপাত করা হয়।

## খুবিতে যথাযোগ্য মর্যাদায় বিজয় দিবস উদ্‌যাপিত




গত ১৬ই ডিসেম্বর সোমবার যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে বিপুল উৎসাহ উদ্দীপনার সাথে খুলনা বিশ্ববিদ্যালয়ে মহান বিজয় দিবস উদযাপিত হয়েছে। কেন্দ্রীয় শহিদ মিনারে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন। এরপরই খুলনা বিশ্ববিদ্যালয় স্কুল, সকল স্কুল (অনুষদ), সকল ডিসিপ্লিন (বিভাগ), সকল আবাসিক হল, খুলনা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশন, শিক্ষার্থীদের বিভিন্ন সংগঠনের পক্ষ থেকেও শ্রদ্ধাঞ্জলি অর্পণ করা এসময় বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য প্রফেসর ড. মোঃ হারুনর রশীদ খান, ট্রেজারার প্রফেসর ড. মোঃ নূরুন্নবী, বিভিন্ন স্কুলের ডিন, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), ডিসিপ্লিন প্রধান, প্রভোস্ট, ছাত্র বিষয়ক পরিচালক, বিভাগীয় প্রধান, শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

## খুবি'র বিভিন্ন ডিসিপ্লিনের নতুন অ্যালামনাই অ্যাসোসিয়েশনের কমিটি গঠন(জুলাই- ডিসেম্বর ২০২৪)

গত ১২ই জুলাই ২০২৪ ইং তারিখে ইউআরপি ডিসিপ্লিনের অ্যালামনাই অ্যাসোসিয়েশনের নতুন কমিটি গঠিত হয়েছে। মোঃ আনিসুর রহমান ('৯৩ ব্যাচ) সভাপতি এবং মুনাওয়ার সোহেল ('৯৭ ব্যাচ) সাধারণ সম্পাদক মনোনীত হয়েছেন। এদিকে ১লা সেপ্টেম্বর ২০২৪ইং তারিখে গঠিত ফার্মেসি ডিসিপ্লিনের নব গঠিত অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি হিসাবে মহিউদ্দিন আন্দালিব শুভ ('০০ ব্যাচ) এবং সাধারণ সম্পাদক হিসাবে জহিরুল ইসলাম ('০১ ব্যাচ) দায়িত্ব গ্রহণ করেছেন। গত ২রা নভেম্বর ২০২৪ইং তারিখে এসডব্লিউই ডিসিপ্লিনের নতুন গঠিত অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি এবং সাধারণ সম্পাদক হিসাবে নির্বাচিত হয়েছেন যথাক্রমে মোঃ শাফায়েত হোসেন (ইমন) ('০০ ব্যাচ), মোঃ তাকদিউর রহমান মুকুট ('০১ ব্যাচ)। ২২শে নভেম্বর ২০২৪ ইং তারিখে আর্কিটেকচার ডিসিপ্লিনের অ্যালামনাই অ্যাসোসিয়েশনের নতুন কমিটি গঠিত হয়েছে, মোঃ আলি আশরাফ দেওয়ান (মামুন) ('৯২) সভাপতি এবং আমিন আহমেদ আরিফ (সুমন) ('০০ ব্যাচ) সাধারণ সম্পাদক হিসাবে তাদের দায়িত্ব পালন করবেন ।

নব গঠিত বিভিন্ন ডিসিপ্লিনের অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সকল সদস্যকে কুআ'র পক্ষ থেকে শুভেচ্ছা এবং প্রানঢালা অভিনন্দন।

## সাফল্যের ইতিকথা

খুলনা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন খুলনা বিশ্ববিদ্যালয়ের অ্যালামনাইদের দেশে এবং দেশের বাইরে বিভিন্ন অর্জনে অনেক গর্বিত এবং প্রতি ছয় মাসে আমাদের অ্যালামনাইদের অর্জন সমূহ আমরা সকলের কাছে পৌঁছে দেবার প্রয়াসে প্রতি বুলেটিনে তা প্রকাশ করে আসছি। এই বুলেটিনে গত জুলাই ২০২৪ থেকে ডিসেম্বর ২০২৪ পর্যন্ত সময় কালের অর্জন সমূহ কুআ ফেসবুক পেজ থেকে সংগৃহীত হয়ে প্রকাশিত হচ্ছে। অনিচ্ছাকৃত ভাবে কারো অর্জন এখানে লিপিবদ্ধ না হয়ে থাকলে আমরা আন্তরিকভাবে দুঃখিত এবং আমাদের এই কমিটিকে অপ্রকাশিত 'অর্জনের' তথ্য দিলে পরবর্তী বুলেটিনে প্রকাশিত করা হবে বলে আশা প্রকাশ করছি।



খুলনা বিশ্ববিদ্যালয়ের অ্যালামনাই বিজিই ডিসিপ্লিনের '৯৯ ব্যাচের প্রাক্তন শিক্ষার্থী অধ্যাপক ড. এস. এম. আবদুল আউয়াল সোহাগ ২৩শে সেপ্টেম্বর ২০২৪ ইং তারিখে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর হিসেবে নিয়োগপ্রাপ্ত হয়েছেন।




বিশ্বের শীর্ষ ২ শতাংশ বিজ্ঞানীর তালিকায় স্থান পেয়েছেন খুলনা বিশ্ববিদ্যালয়ের তিনজন শিক্ষক। এরমধ্যে দুজন শিক্ষক টানা দুবার এই তালিকায় এসেছেন। তারা হলেন- বিশ্ববিদ্যালয়ের ফরেস্ট্রি এন্ড উড টেকনোলজি ডিসিপ্লিনের অধ্যাপক ড. নজরুল ইসলাম, ফার্মেসি ডিসিপ্লিনের অধ্যাপক ড. শেখ জামাল উদ্দিন এবং কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ডিসিপ্লিনের অধ্যাপক ড. অনুপম কুমার বৈরাগী। অধ্যাপক ড. নজরুল ইসলাম ও অধ্যাপক ড. শেখ জামাল উদ্দিন টানা দুবার এই তালিকায় জায়গা করে নিয়েছেন।

গত ২৫ এবং ২৬ সেপ্টেম্বর ২০২৪ দৈনিক কালবেলা এবং ঢাকা টাইমস এ প্রকাশিত সংবাদ অনুযায়ী জানা যায়, বৈজ্ঞানিক গবেষণা এবং উদ্ভাবনে ব্যতিক্রমী অবদানের জন্য এই অসাধারণ সম্মান পেয়েছেন তারা। খুলনা বিশ্ববিদ্যালয়ের তিনজন শিক্ষকের নাম সম্প্রতি যুক্তরাষ্ট্রের স্ট্যানফোর্ড বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠান এলসেভিয়ের তালিকায় প্রকাশিত হয়। গবেষকরা বিশ্বব্যাপী সমস্ত বিজ্ঞানীদের প্রায় ২ শতাংশ প্রতিনিধিত্ব করেন।



গত ১৫ই অক্টোবর ২০২৪ ইং তারিখে বিজিই ডিসিপ্লিনের ৯৫ ব্যাচের প্রাক্তন ছাত্র প্রফেসর ড. মুহাম্মদ শাহেদুর রহমান ন্যাশনাল ইনস্টিটিউট অফ বায়োটেকনোলজি (NIB) এর মহাপরিচালক হিসেবে নিয়োগ পেয়েছেন। তিনি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের বিজিই ডিপার্টমেন্ট এর অধ্যাপক হিসেবে কর্মরত ছিলেন।



১৮ই অক্টোবর ২০২৪ ইং তারিখে খুলনা বিশ্ববিদ্যালয়ের অ্যালামনাই বিএ ডিসিপ্লিনের '৯২ ব্যাচের প্রাক্তন শিক্ষার্থী অধ্যাপক ড. মো. নূরন্নবী খুলনা বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার হিসেবে নিয়োগপ্রাপ্ত হয়েছেন।



১৯শে নভেম্বর ২০২৪ ইং তারিখে বাংলাদেশের দাবা ফাউন্ডেশন-এর মহাসচিব হিসেবে নিয়োগপ্রাপ্ত হয়েছেন খুলনা বিশ্ববিদ্যালয়ের নগর ও গ্রামীণ পরিকল্পনা ডিসিপ্লিনের '৯৪ ব্যাচের প্রাক্তন শিক্ষার্থী ড. তৈয়বুর রহমান সুমন।



০৩রা ডিসেম্বর ২০২৪ ইং তারিখে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস-চ্যান্সেলর হিসেবে নিয়োগ পেয়েছেন খুলনা বিশ্ববিদ্যালয়ের ফরেস্ট্রি অ্যান্ড উড টেকনোলজি ডিসিপ্লিনের ৯৫ ব্যাচের প্রাক্তন শিক্ষার্থী অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম।



১২ই ডিসেম্বর ২০২৪ ইং তারিখে স্টুডেন্ট সোসাইটি ফর ক্লাইমেট চেঞ্জ অ্যাওয়ারনেস আয়োজিত 'ক্লাইমেট ট্যাংক এক্সেলারেটর' প্রতিযোগিতায় বাংলাদেশ পর্বে চ্যাম্পিয়ন হয়েছে খুলনা বিশ্ববিদ্যালয়ের দল 'টিম বিডি-১৫'। দক্ষিণ এশিয়ার পাঁচটি দেশে অনুষ্ঠিত এ প্রতিযোগিতায় বাংলাদেশের ১৮টি দলের মধ্যে টিম বিডি-১৫ বিজয়ী হয়।

চ্যাম্পিয়ন দলের সদস্যরা হলেন— গণযোগাযোগ ও সাংবাদিকতা ডিসিপ্লিনের ইমন কাজী ও মো. মেহেদী হাসান তমাল, সয়েল, ওয়াটার ও এনভায়রনমেন্ট ডিসিপ্লিনের শিউলি চাকমা এবং পরিসংখ্যান ডিসিপ্লিনের জি. এম. রাকিব। তারা পলিথিনের বিকল্প পরিবেশবান্ধব টোট ব্যাগ তৈরি করছে, যা পুরাতন জিন্স প্যান্ট থেকে উৎপাদিত। এই উদ্যোগের মাধ্যমে তারা উপকূলীয় নারীদের কর্মসংস্থান তৈরি ও পরিবেশ দূষণ মোকাবিলায় ভূমিকা রাখছে। 'Jeans2Totes' নামের এ ভেঞ্চার ইতোমধ্যে সামাজিক যোগাযোগ মাধ্যমে মার্কেটিং শুরু করেছে এবং ই-কমার্স প্ল্যাটফর্মের মাধ্যমে পণ্য বাজারজাত করার পরিকল্পনা করছে।

গত ছয় মাসে (জুলাই – ডিসেম্বর ২০২৪) কুআ পরিবারের যে সকল সদস্য চিরতরে আমাদেরকে ছেড়ে পৃথিবী থেকে বিদায় নিয়েছেন তাদেরকে হারিয়ে আমরা গভীরভাবে শোকাহত। তাদের বিদেহী আত্মার শান্তি কামনা এবং সেই সাথে তাদের শোক-সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা ও সহমর্মিতা জ্ঞাপন করছে কুআ পরিবার।







খুলনা বিশ্ববিদ্যালয়ের গণিত ডিসিপ্লিনের '১৯ (আইডি: ১৯১২৩৪) ব্যাচের কৃতি ছাত্র মীর মাহফুজুর রহমান মুগ্ধ ১৮ ই জুলাই ২০২৪ ইং তারিখের বিকালে ঢাকার উত্তরায় কোটা সংস্কার আন্দোলনে শহীদ হন। খুলনা বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক শেষ করার পর, মুগ্ধ এমবিএ সম্পন্ন করার জন্য বাংলাদেশ ইউনিভার্সিটি অফ প্রফেশনালস (বিইউপি) এ অধ্যয়নরত ছিলেন। শহীদ হওয়ার আগ পর্যন্ত মুগ্ধ ছাত্রদের সাথে মিশে আন্দোলনকারীদের সাহায্য করছিলেন। তিনি সর্বদাই অন্যায় ও দুর্নীতির বিরুদ্ধে ছিলেন সোচ্চার।

খুলনা বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ডিসিপ্লিনের '০৪ ব্যাচের কৃতি ছাত্র ও প্রাক্তন শিক্ষক আবদুল্লাহ আল মামুন রনি ২৯ শে জুলাই ২০২৪ ইং তারিখে রাত ৯:৪০ ঘটিকায় চিকিৎসাধীন অবস্থায় ঢাকায় মৃত্যুবরণ করেন। উল্লেখ্য, তিনি কোলোরেকটাল ক্যান্সারে ভুগছিলেন।

বিশ্ববিদ্যালয়ের এনভায়রনমেন্টাল সায়েন্স ডিসিপ্লিনের '১৫ ব্যাচের ছাত্রী সাবেকুন নাহার পপি ২৬ শে অগাস্ট ২০২৪ইং তারিখ রাতে মৃত্যুবরণ করেন।

খুলনা বিশ্ববিদ্যালয়ের এগ্রোটেকনোলজি ডিসিপ্লিনের প্রাক্তন ছাত্র '০৮ ব্যাচের স্বাগত চক্রবর্তী ৩১শে অগাস্ট ২০২৪ইং তারিখে বিকাল সাড়ে পাঁচটার দিকে বগুড়া মেডিকেল কলেজ ও হাসপাতালে ক্যান্সারে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন। তিনি প্রবাসী কল্যাণ ব্যাংকে কর্মরত ছিলেন।

বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান ডিসিপ্লিনের '১৮ ব্যাচের কৃতি ছাত্র আবু জাফর, গতকাল ২৭ শে সেপ্টেম্বর ২০২৪ইং তারিখে রাত ১০:০০ ঘটিকায় চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। আবু জাফর Tuberculosis Meningitis and Drug Induced Hepatitis নামক মস্তিষ্কের রোগে ভুগছিলেন।

খুলনা বিশ্ববিদ্যালয়ের ইংলিশ ডিসিপ্লিনের '৯৯ ব্যাচের ছাত্রী শাহিনা ইসলাম লতা স্ট্রোকজনিত কারণে গত ১৭ই ডিসেম্বর ২০২৪ইং তারিখে মৃত্যুবরণ করেন। তিনি South Point School and College এ শিক্ষকতা করতেন।

খুলনা বিশ্ববিদ্যালয়ের বায়োটেকনোলজি এন্ড ইঞ্জিনিয়ারিং ডিসিপ্লিনের '০৫ ব্যাচের প্রাক্তন ছাত্র পল্লব সাহা গত ২৪শে ডিসেম্বর ২০২৪ইং তারিখে রাত আনুমানিক ১২.২০ মিনিটে ঢাকা এভারকেয়ার হসপিটালে চিকিৎসাধীন অবস্থায় ইলেকট্রোলাইটজনিত হার্ট ফেইলিউর হয়ে মৃত্যুবরণ করেন।

খুলনা বিশ্ববিদ্যালয়ের ইউআরপি ডিসিপ্লিনের প্রাক্তন ছাত্র '৯৭ ব্যাচের শহিদুল হাসান স্বপন ও তার স্ত্রী, একই ডিসিপ্লিনের প্রাক্তন ছাত্রী '০৩ ব্যাচের সাবরিনা আহমেদ পাপড়ি ২৮শে ডিসেম্বর ২০২৪ইং তারিখ বেলা আনুমানিক ২:০০টায় (বাংলাদেশ সময়) অস্ট্রেলিয়ার Perth এর নিকটবর্তী Walpole নামক স্থানের সী-বিচে বেড়াতে গিয়ে পানিতে ডুবে উভয়েই মৃত্যুবরণ করেন। শহিদুল হাসান স্বপন অস্ট্রেলিয়ার কার্টিন ইউনিভার্সিটিতে শিক্ষকতা করতেন।

# জুলাই ২০২৪ এর অভ্যুত্থানে খুলনা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশন (কুআ)'র ভূমিকা

মোঃ আকতার হোসেন

ব্রিটিশ শাসন আমল, দেশভাগ, বাংলাদেশের অভ্যুদয় এবং তৎপরবর্তী সময় হতে আজ পর্যন্ত দেশের ক্রান্তি লগ্নে দুর্যোগে, দুর্বিপাকে, আন্দোলন সংগ্রামে অন্যায় অত্যাচারের বিরুদ্ধে বাংলাদেশের ছাত্র সমাজের ভূমিকা অনস্বীকার্য। যেখানে অন্যায় সেখানেই বাংলাদেশের ছাত্রসমাজ প্রতিবাদে নামে। শিক্ষা প্রতিষ্ঠান থেকে শুরু করে সমাজের প্রত্যেকটি স্তরে অত্যাচারের বিরুদ্ধে যারা প্রতিবাদ করেন তাদের মধ্যে ছাত্ররা অগ্রগণ্য। ভাষা আন্দোলন, ১৯৬৯ সালের গণঅভ্যুত্থান, ১৯৭১ মহান মুক্তিযুদ্ধ, ১৯৯০ এর গণআন্দোলন, ২০২৪ এর গণঅভ্যুত্থান সকল ক্ষেত্রে বাংলাদেশের ছাত্র সমাজের ভূমিকা অগ্রগণ্য। ছাত্র সমাজের এই ভূমিকার কথা বলতে আমি দলীয় লেজুড়বৃত্তিক ছাত্র রাজনীতির কথা বলছি না। এক্ষেত্রে আমি কোন ব্যানার ছাড়া সাধারণ ছাত্রদের কথা বলছি যারা কোন রাজনৈতিক দলের লেজুড়বৃত্তি করে না। কিন্তু অন্যায়, অনাচার, অবিচার ইত্যাদি দেখলে নিজেরা সংঘটিত হয়ে প্রতিবাদ করে। ক্ষেত্রবিশেষে দাবী দাওয়া পেশ করে এবং তা আদায় করে।

ব্রিটিশ শাসনামলের অবসানের পর থেকে দেশের ক্রান্তিলগ্নে ছাত্রদের যে অবদান রয়েছে তা স্বর্ণাক্ষরে ইতিহাসের পাতায় লেখা থাকবে। দেশের অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়ে দলীয় লেজুড়বৃত্তিক ছাত্র রাজনীতি থাকলেও খুলনা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা লগ্ন থেকে যেকোনো ধরনের ছাত্র রাজনীতি মুক্ত থেকেছে। বিভিন্ন সময়ে খুলনা বিশ্ববিদ্যালয়ে দলীয় লেজুড়বৃত্তিক ছাত্র রাজনীতি প্রবেশ করানোর অপপ্রয়াস লক্ষ্য করা গেলেও খুলনা বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের ইস্পাত কঠিন দৃঢ়তার কারণে কোন অপশক্তি তাদের উদ্দেশ্যে চরিতার্থ করতে পারেনি। ছাত্রদের দাবির মুখে খুলনা বিশ্ববিদ্যালয় নীতিমালায় ছাত্র রাজনীতি নিষিদ্ধ করে দেয়া হয়। খুলনা বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের জাতীয় কোন বিষয়ে এত ব্যাপক সম্পৃক্ততা দেখা যায়নি যেমনটি দেখা গিয়েছিল ২০২৪ এর জুলাইয়ের গণঅভ্যুত্থানে। ছাত্রদের এই আন্দোলন কোন রাজনৈতিক দলের বিরুদ্ধে যতটা না ছিল, তার চেয়ে বেশি ছিল অত্যাচার, অনাচার এবং বৈষম্যের বিরুদ্ধে। এই আন্দোলনে খুলনা বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা প্রথম থেকে সম্পৃক্ত ছিল। ছাত্রদের এই আন্দোলন সম্পৃক্ততা রাজনৈতিক মতাদর্শের উর্ধে উঠে তৎকালীন সরকারের স্বৈরাচারী আচরণের বিরুদ্ধে ছিল। ছিল দেশব্যাপী সাধারণ ছাত্রছাত্রীদের উপর বর্তমানে নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগের অন্যায় আচরণ, অত্যাচারের বিরুদ্ধে।

খুলনা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশন (কুআ) এর সদস্যরা শুরু থেকেই ব্যক্তিগত পর্যায়ে আন্দোলনের প্রতি এবং আন্দোলনকারী ছাত্র-ছাত্রীদের সাথে আর্থিক এবং মানসিক শক্তি দিয়ে সাহায্য করে এসেছে। খুলনার অ্যালামনাইগণ, শিক্ষক অ্যালামনাইগণ, কর্মকর্তা অ্যালামনাইগণ তাদের সামর্থের সবটুকু দিয়ে সহায়্যের হাত বাড়িয়ে দিয়েছেন। খুলনা শহরের এমন অনেক অ্যালামনাই রয়েছেন যারা তাদের সামর্থের সবটুকু দিয়ে এমনকি ব্যবসার মূলধন থেকেও টাকা প্রদান করেছেন ছাত্রদের খাবার সরবরাহ করতে। তখন 'কুআ' কার্যনির্বাহী কমিটির সদস্যরা ব্যক্তিগতভাবে ছাত্রদের কয়েক দিনের খাবারের টাকা প্রদান করেন। ২৫ শে জুলাই পরবর্তী সময়ে আন্দোলন যখন তুঙ্গে, তখন 'কুআ' কার্যনির্বাহী কমিটির তরফ থেকে চিকিৎসা এবং খাবার বাবদ প্রায় ২.৫০ লক্ষ টাকার নগদ সহায়তা প্রদান করা হয়। পুলিশ এবং প্রশাসনে বিশ্ববিদ্যালয়ের যে সকল অ্যালামনাই রয়েছেন তাদের হস্তক্ষেপে অন্যায়ভাবে পুলিশের কাস্টডিতে যাওয়া ছাত্রদের ছাড়িয়ে আনা হয়। এক্ষেত্রে শিক্ষক/কর্মকর্তা অ্যালামনাইগণ প্রত্যক্ষ ভূমিকা পালন করেন। যে সকল স্থানে তৎকালীন পুলিশ এবং প্রশাসনের বিভিন্ন অ্যাকশন হবার সম্ভাবনা ছিল, সে সকল স্থান হতে ছাত্রদের নিরাপদে সরিয়ে আনা হয়। 'কুআ' ই.সি. কমিটির তরফ থেকে ছাত্রদের আন্দোলনের সাথে একাত্মতা ঘোষণা করা সহ বিভিন্ন প্রয়োজনীয় বিষয়ে যোগাযোগ রক্ষা করা হয়।

তৎকালীন কর্তৃপক্ষ হল vacant করে দিলে স্থানীয় অ্যালামনাইদের সহযোগিতায় ছাত্রদের আবাসনের ব্যবস্থা করা হয়। অনেক অ্যালামনাই ঘোষণা দেন যে, "যাদের থাকার জায়গা নেই তারা আমার বাসায় চলে আসো"। ফলে তৎকালীন স্বৈরাচারী প্রশাসনের যাবতীয় অন্যায় অত্যাচার থেকে ছাত্রদের রক্ষা করা সম্ভব হয়। আন্দোলনের বিজয় পরবর্তী নড়বড়ে প্রশাসন এবং ট্রাফিক সিস্টেমকে সহযোগিতা করার জন্য ছাত্রদের যে নেটওয়ার্ক গড়ে উঠেছিল সে নেটওয়ার্কের কয়েক দিনের যাবতীয় খরচের দায়িত্ব 'কুআ' গ্রহণ করে। 'কুআ' কার্যনির্বাহী কমিটির বাইরেও অনেক অ্যালামনাই সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছেন তাদের প্রতি ধন্যবাদ এবং কৃতজ্ঞতা। সঙ্গত কারণেই এখানে কারো নাম উল্লেখ করা হলো না কারণ যতজন অ্যালামনাই সহযোগীতা করেছন, তাদের নাম লিখতে হলে কয়েক পাতার প্রয়োজন হবে। সবশেষে বলতে চাই, খুলনা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশন (কুআ) অ্যালামনাইদের কল্যাণে কাজ করে। আমাদের নিয়ে সমালোচনা থাকতে পারে কিন্তু আমরা সবাইকে নিয়ে সামনে এগিয়ে যেতে চাই।

লেখক : সাধারণ সম্পাদক, কুআ



# মুগ্ধ : উত্তপ্ত ধরিত্রী'তে শীতলতার স্পর্শ

হাইউল কবীর এবং মুন্নুজাহান আরা

মুগ্ধ, আমার বন্ধু মুগ্ধ। জীবনের যেকোন উত্থান-পতনেও যার মুখের হাসি একটুখানিও ম্লান হতো না। আমরা কখনো বুঝতেই পারতাম না কি চলছে তার মনে। যত দেখেছি অবাক হয়েছি। নিজেকে খুবই ভাগ্যবান মনে করি, জীবনের কিছুটা সময় এমন একটা মানুষের সান্নিধ্য পেয়ে, যার কথা মনে হলেই প্রাণবন্ত - হাস্যজ্জ্বল একটি মুখ ভেসে ওঠে। জীবনের শেষ সময়ে মুগ্ধকে সবাই চিনেছে একজন সফল ফ্রিল্যান্সার হিসাবে, দেশের জন্যে যে এনে দিয়েছে প্রায় পঞ্চাশ হাজার থেকে ষাট হাজার ডলার বৈদেশিক মুদ্রা। কিন্তু তার আগের গল্পটা?

সময়টা ২০২১, পুরো পৃথিবী যখন করোনা মহামারীর পর কিছুটা স্বাভাবিক হচ্ছে । বিশ্ববিদ্যালয়ের নিয়মিত শ্রেণি শিক্ষা কার্যক্রম তখন বন্ধ। বিশ্ববিদ্যালয়রে অধিকাংশ শিক্ষার্থী তখনও নিজ নিজ বাড়িতে। স্বাধীনচেতা মীর মুগ্ধ তখন খুলনাতে। টিউশন করিয়ে নিজের মাসিক খরচের টাকা জোগায়।
কোন একমাসের শেষের দিকের কথা। খুলনাতে তখন প্রচন্ড গরম, দুপুরের রোদে ঘর থেকে বের হওয়াই দায়। মাসের শেষ হওয়ায় কিছুটা অর্থ কষ্টে ভুগছিলাম, এরই মধ্যে মুগ্ধের ফোন, ফোন ধরতেই ওপাশ থেকে মুগ্ধ বলল, "বন্ধু, টিউশনে যাব । তোর কাছে কিছু টাকা হবে? ভাড়ার টাকা নেই আমার কাছে।"
আমি আমতা আমতা করে বললাম, "বন্ধু আমার কাছে তো এই মুহূর্তে কোন টাকা নেই।" মুগ্ধ তার স্বভাবসুলভ হাসি দিয়ে বলল, "আরে বন্ধু প্যারা নাই, দেখি কি করা যায়।" সেইদিন মুগ্ধ সেই তপ্ত রোদে, তিন-তিন ছয় কিলোমিটার হেঁটে গিয়েছিল পড়াতে। এরপরও নিজের দায়িত্ব থেকে পিছু পা হয়নি।
নিজের জীবনের কিছু কষ্ট ছিলো বলেই হয়তো সবার কষ্ট সে সহজেই বুঝতে পারতো। বন্ধু, সহপাঠী, অগ্রজ, অনুজ যখনই যে সমস্যায় পড়েছে, নিজের সাধ্য অনুযায়ী সবসময়ই সবার আগে এগিয়ে এসেছে কষ্ট লাঘব করতে। এভাবেই মুগ্ধ হয়ে ওঠে আমাদের বন্ধু মহলের ভরসার জায়গা। বিশ্ববিদ্যালয়ে থাকা অবস্থায় যখনই সমস্যায় পড়েছি, "মুগ্ধ আছে" সর্বপ্রথম এ কথাটাই মনে আসতো। মুগ্ধর সবচেয়ে পছন্দের ছিল তার বাইক। নিজের উপার্জনে কেনা বাইকটিকে আদর করে নাম দিয়েছিলো Bumblebee। ওর যখন খুব মন খারাপ হত, বাইকে চেপে চলে যেত রূপসা নদীর পাড়ে। নদীর বয়ে চলা জলস্রোতে ভাসিয়ে দিত নিজের মনের সকল দুঃখ। ফিরে আসতো নিজের হাস্যজ্জ্বল মুখ নিয়ে। ৩০ নভেম্বর ২০২৩, মুগ্ধর মনটা অনেক খারাপ। হাতের সব কাজ শেষ করে বিকেল বেলায় চলে যায় রূপসা নদীর পাড়ে। সবার অজান্তে। সন্ধ্যার একটু আগে ফোন করলো মুগ্ধ। ফোন ধরতেই ওপাশ থেকে কাঁপা কাঁপা গলায় মুগ্ধ বলল, "বন্ধু, আমি বাইক এক্সিডেট করছি। তাড়াতাড়ি আয়।" একমুহূর্ত দেরি না করে ছুটে গেলাম মুগ্ধের কাছে। বাইকটাকে রাস্তার পাশে রেখে একপাশে দাঁড়িয়ে কাঁপছিলো মুগ্ধ। একটা স্পিডব্রেকারে ধাক্কা লেগে ভারসাম্য হারিয়ে রাস্তায় পড়ে যায়, ঠিক সেই সময়েই মাথার খুব কাছ দিয়ে দ্রুত গতিতে বেরিয়ে যায় একটা ট্রাক। একটুর জন্যে প্রাণ রক্ষা হয় সেদিন। মুগ্ধ সেদিন অনেক ভয় পেয়েছিল, থরথর করে কাঁপছিল। ফ্যামিলিগত একটা ট্যুরে যাওয়ার আগে বলেছিলাম একই ডিজাইনের কিছু গেঞ্জি লাগবে, কেউ কি আছে যে ডিজাইন টা করে দেবে? যথারীতি মুগ্ধ এসে জানায়, আমি আছি না ম্যাডাম, আমি করে দিব, দায়িত্বটা আমার। এরপরে বেশ কিছু ট্যুরে মুগ্ধই ট্যুরের গেঞ্জির ডিজাইন করে দিয়েছিল। এখনও যেকোনো ট্যুরের প্ল্যান হলেই কেন যেন মুগ্ধ তোমাকেই মনে পড়ে! যে বন্ধুটিকে তোমার ঘড়িটা উপহার হিসেবে দিয়ে গিয়েছিলে, সে হয়তো তোমার ঘড়ির দিকে তাকিয়ে তোমার জন্য অপেক্ষা করবে আজীবন! পুরো পৃথিবী দেখেছে, ১৮ই জুলাই ২০২৪, বৈষম্যবিরোধী আন্দোলনে যখন ছাত্রজনতা রাস্তায় বেরিয়ে আসে, তপ্ত রোদে টিয়ারশেলের চোখ জ্বালানো ধোঁয়াকে উপেক্ষা করেও ছুটে গিয়েছিল মুগ্ধ, মানুষের কষ্ট লাঘব করতে। মুগ্ধ, তোমাকে নিয়ে একটা হিসাব এখানে মেলাতে পারিনা কিছুতেই বা বলতে পার, অবাক হয়ে যাই বিস্ময়ে। ৩০শে নভেম্বর ২০২৩ এ যে মুগ্ধ মৃত্যু ভয়ে থরথর করে কাঁপছিল, সেই মুগ্ধকেই, ১৮ই জুলাই ২০২৪, সামান্যতম ভীত করতে পারেনি লাঠি চার্জ, টিয়ারশেল কিংবা বুলেট। সমস্ত ভয়কে অবলীলায় বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে কি স্বাভাবিক ভাবেই তুমি পানি দিচ্ছিলে সবাইকে, "পানি লাগবে ভাই, পানি!"

পৃথিবী যখন আগুনে উত্তপ্ত মুগ্ধরা তখন শীতলতার স্পর্শ এনে দেয় মানুষের মনে। কখনো পানি দিয়ে কখনো বা নিজের জীবন দিয়ে। ভালো থেকো মুগ্ধ, যেখানেই থাকো। আমরা তোমাকে মনে রাখবো, মনে রাখবে পৃথিবীর ইতিহাস।

"শিশুকালে একটাও মৌ-প্রজাপতির পাখনা ছেঁড়েনি
বিড়ালদের লেজে লেজে বেঁধে দেয়নি টিনের কৌটা
কিংবা ম্যাচের খোলে বন্দি করেনি কাঁচপোকাদের
বা পায়ে মাড়ায়নি পিঁপড়ের ঢিবি
বেড়ে উঠেছিল
আর এসবের সব কিছুই ঘটেছিলো তার সাথে
যখন সে মারা যাচ্ছে তার শয্যার পাশে ছিলাম
সে বলেছিলো কবিতা শোনাও
সূর্য আর সমুদ্রের কবিতা
পারমাণবিক চুল্লি ও উপগ্রহ বিষয়ে কবিতা
মানবতার মাহাত্ম্য সম্পর্কে কবিতা"

--আশাবাদী মানুষ (নাজিম হিকমেত)

লেখক : শহীদ মীর মাহফুজুর রহমান মুগ্ধ'র সহপাঠী এবং শিক্ষক, গণিত ডিসিপ্লিন, খুলনা বিশ্ববিদ্যালয়